ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
ডাক ও টেলিযোগাযোগ বিভাগ
টেলিকম শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.ptd.gov.bd

স্মারক নম্বর: ১৪.০০.০০০০.০১০.১৮.০০৮.১৯.১২০৯

তারিখ: ১১ চৈত্র ১৪২৬

২৫ মার্চ ২০২০

বিষয়: **Regulatory and Licensing Guideline for Internet Service Provider (ISP) এর খসড়া অনুমোদন প্রসঙ্গে।**

- সূত্র: ১। বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশনের পত্র নম্বর-
১৪.৩২.০০০০.৭০২.৪৫.১০৬.১৯.৩৭৬, তারিখঃ ১০/০৩/২০২০ খ্রিঃ।
২। ডাক ও টেলিযোগাযোগ বিভাগের পত্র নম্বর-
১৪.০০.০০০০.০১০.১৮.০০৮.১৯.১০৭৭, তারিখ ২৩/০২/২০২০ খ্রিঃ (স্টেকহোল্ডার সভার কার্যবিবরণী)।

সূত্রোক্ত স্মারকের মাধ্যমে প্রেরিত গাইডলাইনের খসড়ার বিষয়ে মাননীয় মন্ত্রীর নির্দেশনা নিম্নরূপঃ-

“বিটিআরসিকে স্ট্যাকহোল্ডারদের সভার সিদ্ধান্তসমূহ সন্নিবেশিত করাসহ আরও কোন ত্রুটি বা বিবেচ্য বিষয় থাকলে সেটি সংশোধন করে নীতিমালাটি পূর্ণাঙ্গ ও ত্রুটিমুক্ত করে পেশ করার জন্য নির্দেশনা দেয়া হোক। এই নীতিমালা বিষয়ে মাননীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ক প্রধানমন্ত্রীর উপদেষ্টার মতামত গ্রহণ করার জন্য বিটিআরসিকে নির্দেশ দেয়া যেতে পারে।”

২। বর্ণিতাবস্থায়, মাননীয় মন্ত্রীর উপরোল্লিখিত সদয় নির্দেশনার প্রেক্ষিতে স্টেকহোল্ডার সভার সিদ্ধান্তসমূহ যথাযথভাবে অনুসরণ, গাইডলাইনে নতুনভাবে সংযোজিত Clause-16.5 এবং Clause-26.1 এর বিষয়ে যুক্তিগ্রাহ্য ব্যাখ্যাসহ প্রয়োজনীয় অন্যান্য সংশোধনী আনয়নপূর্বক প্রস্তুতকৃত খসড়া নীতিমালার উপর মাননীয় উপদেষ্টার মতামত গ্রহণ করে পুনরায় প্রস্তাব প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

Umi Tamanna

২৪-৩-২০২০

উমি তামান্না

উপসচিব

চেয়ারম্যান

চেয়ারম্যান এর দপ্তর

বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
ডাক ও টেলিযোগাযোগ বিভাগ
কোম্পানী-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.ptd.gov.bd

স্মারক নং-১৪.০০.০০০০.০০৮.১১.০৪৩.১৫-৪৬৯

তারিখঃ ২৭ অগ্রহায়ণ ১৪২৬/ ১২ ডিসেম্বর ২০১৯

বিষয়ঃ টেলিযোগাযোগ অধিদপ্তরের কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০০৯ প্রণয়ন সংক্রান্ত।

সূত্রঃ জনপ্রশাসন মন্ত্রণালয়ের স্মারক নং-০৫.০০.০০০০.১৭৩.২২.০০৭.১৯-২০৬, তারিখঃ ১৬/১০/২০১৯ খ্রি:।

উর্পর্যুক্ত বিষয়ে ও সূত্রোক্ত পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ডাক ও টেলিযোগাযোগ বিভাগের আওতাধীন টেলিযোগাযোগ অধিদপ্তর সৃজন করা হয় গত ২৫-০৬-২০১৫ খ্রি: তারিখে। পদ সৃজনে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সম্মতি, অর্থ বিভাগের ব্যয় নিয়ন্ত্রন শাখার সম্মতি, পদের বেতনস্কেল ও যোগ্যতা নির্ধারণে অর্থ বিভাগের বাস্তবায়ন অনুবিভাগের সম্মতি, মন্ত্রিপরিষদ বিভাগের প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির ২০১৪ সালের ২৪ তম সভার আলোচ্য বিষয়-৪ এর মাধ্যমে টেলিযোগাযোগ অধিদপ্তর গঠনের অনুমোদন এবং মাননীয় প্রধানমন্ত্রীর সানুগ্রহ অনুমোদনক্রমে টেলিযোগাযোগ অধিদপ্তর সৃজন করা হয়।

০২। টেলিযোগাযোগ অধিদপ্তরের প্রস্তাবের বিস্তারিত বিবরণীতে ক্যাডার ও নন-ক্যাডার পদের বিভাজন থাকলেও ভ্রাম্যকভাবে প্রস্তাবিত সারসংক্ষেপে ক্যাডার ও নন-ক্যাডার পদ পৃথকভাবে উল্লেখ না থাকায় জনপ্রশাসন মন্ত্রণালয় হতে ক্যাডার-নন-ক্যাডার বিভাজন ব্যতিরেকেই অনুমোদন করা হয়। অতঃপর অর্থ মন্ত্রণালয়ের ব্যয় নিয়ন্ত্রণ শাখা হতে সম্মতি প্রদান করা হয় ও বাস্তবায়ন অনুবিভাগ কর্তৃক সম্মতি প্রদানের সময় ২য়-৯ম গ্রেডের সকল পদকে ক্যাডার পদ হিসাবে দেখানো হয় (সংযুক্তি-১)। সে প্রেক্ষিতে ডাক ও টেলিযোগাযোগ বিভাগের অধীন টেলিযোগাযোগ অধিদপ্তর সৃজনের মূল প্রস্তাবের ধারাবাহিকতায় টেলিযোগাযোগ অধিদপ্তরের স্থায়ী কাঠামোর ৮১টি পদসমূহের মধ্যে ১ম শ্রেণির ৭৩ টি বিসিএস (টেলিকম) ক্যাডার পদ ও ০৮ টি নন-ক্যাডার পদ বিভাজনের প্রস্তাব জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয় (সংযুক্তি-২)।

০৩। জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৭-০৮-২০১৮ খ্রিঃ তারিখের পত্র নং ০৫.১৫৬.০১৫.০৪.০০.০২৩.২০১০-১২১ এর শর্ত (সংযুক্তি-৩) মোতাবেক টেলিযোগাযোগ অধিদপ্তরের নিয়োগ বিধিতে শুধু নন-ক্যাডার পদসমূহ অন্তর্ভুক্ত করা হয়েছে। বিলুপ্ত বিটিটিবির নিয়োগ বিধিমালা, ১৯৮৪ এবং টেলিযোগাযোগ অধিদপ্তর সৃজনের লক্ষ্যে প্রণীত টেলিযোগাযোগ অধিদপ্তরের খসড়া নিয়োগ বিধিমালা, ২০১৩ এর আলোকে খসড়া নিয়োগ বিধিমালা ২০১৯ প্রস্তুত করে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়।

০৪। এমতাবস্থায়, টেলিযোগাযোগ অধিদপ্তরের কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০১৯ প্রণয়নের লক্ষ্যে নিয়োগ বিধি পরীক্ষণ সংক্রান্ত উপ-কমিটির পর্যালোচনার প্রেক্ষিতে উল্লিখিত তথ্যাদি নির্দেশক্রমে অবহিত করা হলো।

(জেসমীন আক্তার)

উপসচিব

ফোন নং- ৯৫১১০৪২

E-mail: company1@ ptd.gov.bd

সচিব

জনপ্রশাসন মন্ত্রণালয়

বাংলাদেশ সচিবালয়, ঢাকা

[দৃ: আ: অতিরিক্ত সচিব (বিধি)]

অনুলিপিঃ

১। সচিবের একান্ত সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

Letter2019.4



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ডাক ও টেলিযোগাযোগ বিভাগ এর স্বপ্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা-২০২০

ডাক ও টেলিযোগাযোগ বিভাগ
ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়।

ডাক ও টেলিযোগাযোগ বিভাগ এর স্বপ্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা-২০২০

ডাক ও টেলিযোগাযোগ বিভাগ
ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়।

মুখবন্ধ

প্রত্যেক নাগরিকের তথ্য লাভের অধিকার সাংবিধানিকভাবে স্বীকৃত। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ২১(২) অনুচ্ছেদে উল্লেখ করা হয়েছে, “সকল সময়ে জনগণের সেবা করিবার চেষ্টা করা প্রজাতন্ত্রের কর্তব্যে নিযুক্ত প্রত্যেক ব্যক্তির কর্তব্য”। আইনের শাসন প্রতিষ্ঠা, স্বচ্ছতা ও জবাবদিহিতা সুশাসনের অন্যতম উপাদান। তথ্যের অবাধ প্রবাহ নিশ্চিতকল্পে বর্তমান সরকার ২০০৯ সালের ০৬ এপ্রিল তথ্য অধিকার আইন প্রণয়ন করে। উক্ত আইনের আওতায় গঠন করা হয়-স্বাধীন তথ্য কমিশন। তথ্য অধিকার আইন, ২০০৯-এর ১০ ধারায় প্রত্যেক কর্তৃপক্ষকে তথ্য প্রদান ইউনিট-এর জন্য একজন দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিযুক্ত করার নির্দেশনা রয়েছে।

তথ্য কমিশনের উদ্যোগ ও মন্ত্রিপরিষদ বিভাগের সহায়তায় সরকারের সকল মন্ত্রণালয়/বিভাগ, দপ্তর/সংস্থা ও কার্যালয়সমূহ তথ্য অধিকার আইন ও সংশ্লিষ্ট বিধি-বিধানের আলোকে স্বপ্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা প্রণয়ন করে ওয়েবসাইটে প্রকাশ করেছে।

অবাধ তথ্য প্রবাহের মাধ্যমে বাংলাদেশের সার্বিক উন্নয়ন কার্যক্রম আজ বিশ্ববাসীর কাছে এক রোল মডেল হিসেবে আত্মপ্রকাশ করেছে। বিগত বছরগুলোতে যে ইতিবাচক পরিবর্তন সাধিত হয়েছে সেগুলির মধ্যে সরকারি সেবা প্রদান পদ্ধতিকে গণমুখী করা অন্যতম। তথ্য অধিকার আইন এমন একটি আইন যার বাস্তবায়ন অত্যন্ত গুরুত্বপূর্ণ ও চ্যালেঞ্জিং এবং এর ফলাফল সুদূরপ্রসারী। তথ্য অধিকার আইন- এর এই চ্যালেঞ্জ মোকাবেলায় সরকার দৃঢ় প্রতিজ্ঞ।

আধুনিক তথ্যপ্রযুক্তির সর্বোত্তম ব্যবহারের মাধ্যমে ডাক ও টেলিযোগাযোগ সেবা জনগণের দোরগোড়ায় পৌঁছানোর দায়িত্ব ডাক ও টেলিযোগাযোগ বিভাগের উপর অর্পিত। বর্তমান সরকার ঘোষিত “ডিজিটাল বাংলাদেশ” গড়ার লক্ষ্যে এ বিভাগ নিরলসভাবে কাজ করে যাচ্ছে। Allocation of Business অনুযায়ী অর্পিত দায়িত্ব পালনে ডাক ও টেলিযোগাযোগ বিভাগ সব সময় স্বচ্ছতা ও জবাবদিহিতার নীতিতে বিশ্বাসী। তথ্য অধিকার আইন, ২০০৯ এর সাথে সংগতি রেখে এ বিভাগ “তথ্য অবমুক্তকরণ নির্দেশিকা-২০১৫” প্রকাশ করে। কিন্তু ইতোমধ্যে এ বিভাগের Allocation of Business এ পরিবর্তন আসায় “ডাক ও টেলিযোগাযোগ বিভাগের স্বপ্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা-২০২০” এর প্রকাশ করা হল।

এই নির্দেশিকা প্রণয়নের ফলে ডাক ও টেলিযোগাযোগ বিভাগ সংক্রান্ত তথ্যের আদান-প্রদান আরও সহজতর হবে এবং এ বিভাগের কাজের স্বচ্ছতা ও জবাবদিহিতা বহুগুণে বৃদ্ধি পাবে মর্মে আমি দৃঢ় আশাবাদ ব্যক্ত করছি।



মোঃ নূর-উর-রহমান

সচিব

ডাক ও টেলিযোগাযোগ বিভাগ।

সূচিপত্র

বিষয়বস্তু	পৃষ্ঠা নং
পটভূমি	
১. তথ্য অবমুক্তকরণ নির্দেশিকা-২০২০ প্রণয়নের পটভূমি ও প্রয়োজনীয়তা	১
১.১ তথ্য অবমুক্তকরণ নির্দেশিকা প্রণয়নের যৌক্তিকতা/উদ্দেশ্য	২
১.২ নির্দেশনার শিরোনাম	২
২. নির্দেশিকার ভিত্তি	২
২.১ প্রণয়নকারী কর্তৃপক্ষ।	২
২.২ অনুমোদনকারী কর্তৃপক্ষ	২
২.৩ অনুমোদনের তারিখ	২
২.৪ নির্দেশিকা বাস্তবায়নের তারিখ।	২
২.৫ নির্দেশিকার প্রযোজ্যতা	২
৩. নির্দেশিকায় ব্যবহৃত শব্দের সংজ্ঞা।	২
৩.১ তথ্য	২
৩.২ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা	৩
৩.৩ বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা	৩
৩.৪ আপিল কর্তৃপক্ষ	৩
৩.৫ তৃতীয়পক্ষ	৩
৩.৬ তথ্য কমিশন	৩
৩.৭ তথ্য অধিকার আইন, ২০০৯	৩
৩.৮ তথ্য অধিকার বিধি, ২০০৯	৩
৩.৯ কর্মকর্তা	৩
৩.১০ তথ্য অধিকার	৩
৩.১১ আবেদন ফরম	৩
৩.১২ আপিল ফরম।	৩
৩.১৩ পরিশিষ্ট	৩
৪. তথ্যের ধরণ এবং ধরণ অনুসারে তথ্য প্রকাশ ও প্রদান পদ্ধতি	৩
ক. স্বপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্য	৩
খ. চাহিদার ভিত্তিতে প্রদান যোগ্য তথ্য।	৩
গ. প্রদান ও প্রকাশ বাধ্যতামূলক নয়, এমন তথ্য	৩
৫. তথ্য সংগ্রহ, সংরক্ষণ ও ব্যবস্থাপনা	৪
ক) তথ্য সংরক্ষণ।	৪
খ) তথ্য সংগ্রহ ও ব্যবস্থাপনা	৪
গ) তথ্যের ভাষা	৪
ঘ) তথ্যের হালনাগাদকরণ।	৪
৬. দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ	৪
৭. দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার দায়িত্ব ও কর্মপরিধি।	৫
৮. বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ	৫
৯. বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার দায়িত্ব ও কর্মপরিধি	৬
১০. তথ্যের জন্য আবেদন, তথ্য প্রদানের পদ্ধতি ও সময়সীমা	৬
১১. তথ্যের মূল্য এবং মূল্য পরিশোধ	৬
১২. আপিল দায়ের ও নিষ্পত্তি	৭
১২.১ আপিল কর্তৃপক্ষ।	৭
১২.২ আপিল পদ্ধতি	৭
১২.৩ আপিল নিষ্পত্তি	৭
১৩. তথ্য প্রদানে অবহেলায় শাস্তির বিধান।	৭
১৪. জনগুরুত্বপূর্ণ বিষয়ে প্রেস বিজ্ঞপ্তি	৭
১৫. নির্দেশিকার সংশোধন	৭
১৬. নির্দেশিকার ব্যাখ্যা	৭
১৭. পরিশিষ্ট . ০১-১০	৭-১৪

১. তথ্য অবমুক্তকরণ নির্দেশিকা-২০২০ প্রণয়নের পটভূমি ও প্রয়োজনীয়তা:

দেশের তথ্য-প্রযুক্তি ও আধুনিক ডাক যোগাযোগ প্রসারে টেলিযোগাযোগ ও ডাক ব্যবস্থা আধুনিকায়ন ও উন্নয়ন সাধনের কার্যক্রম এ বিভাগের উপর ন্যস্ত। কর্মসংস্থান, দারিদ্র্য বিমোচন ও অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনে ডাক ও টেলিযোগাযোগের ভূমিকা অপরিসীম। বিভিন্ন ধরনের চ্যালেঞ্জ মোকাবিলা করে ডাক ও টেলিযোগাযোগ খাতকে সম্প্রসারিত করার লক্ষ্যে এ বিভাগ এবং আওতাধীন সকল দপ্তর/সংস্থা নিরলসভাবে কাজ করে যাচ্ছে।

ডাক ও টেলিযোগাযোগ বিভাগের নিবিড় তত্ত্বাবধানে বিটিআরসি'র মাধ্যমে বঙ্গবন্ধু-১ স্যাটেলাইট উৎক্ষেপণের কার্যক্রম সফলভাবে সম্পন্ন হয়েছে। বিএসসিসিএল'র মাধ্যমে SEA-ME-WE-5 সাবমেরিন কেবল সিস্টেমে ১৭ টি দেশের মোট ১৯ টি টেলিযোগাযোগ প্রতিষ্ঠান সংযুক্ত রয়েছে। সিস্টেমটির বর্তমান ক্ষমতা ২৪ টেরাবিট/সেকেন্ড। এ ক্যাবলের মাধ্যমে বাংলাদেশ পর্যায়ক্রমে ১৫০০ জিবিপিএস ব্যান্ডউইথ লাভ করেছে। এর ফলে নিরবিচ্ছিন্ন ও সাশ্রয়ী মূল্যে ইন্টারনেট সেবা প্রদান সহজতর হচ্ছে। ডাক ও টেলিযোগাযোগ সেবা/সরঞ্জামাদির মূল্য কয়েক দফা হ্রাস করে সুখম ও সহজলভ্য ব্যবহারে সংশ্লিষ্ট গ্রাহকদের উৎসাহিত করা হচ্ছে। এভাবে ডাক ও টেলিযোগাযোগ বিভাগ ও এর আওতাধীন সকল দপ্তর/সংস্থা সামগ্রিকভাবে ডাক ও টেলিযোগাযোগ সেবা বৃদ্ধিতে অবদান রেখে চলেছে।

ডাক ও টেলিযোগাযোগ বিভাগ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের একটি গুরুত্বপূর্ণ বিভাগ। সরকারের ডাক ও টেলিযোগাযোগ সম্পর্কিত বিভিন্ন নীতি ও পরিকল্পনা বাস্তবায়নের জন্য এর আওতাধীন ১০ (দশ) টি অধিদপ্তর/সংস্থা/কোম্পানি রয়েছে। এ বিভাগের মোট জনবল ১২৯ জন (প্রথম শ্রেণির অনুমোদিত পদ ২৮ এবং অস্থায়ীভাবে সৃজিত পদ ০৬ সহ মোট ৩৪ জন, দ্বিতীয়শ্রেণির অনুমোদিত পদ ২৩ এবং অস্থায়ীভাবে সৃজিত পদ ০৫ সহ মোট ২৮ জন, তৃতীয় শ্রেণির অনুমোদিত পদ ২৬ এবং অস্থায়ীভাবে সৃজিত পদ ০৭ সহ মোট ৩৩ জন, চতুর্থ শ্রেণির অনুমোদিত পদ ২৯ এবং অস্থায়ীভাবে সৃজিত পদ ০৫ সহ মোট ৩৪ জন)। সরকার ঘোষিত ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে টেলিযোগাযোগ খাতের অবকাঠামো নির্মাণ, সাশ্রয়ী ও নতুন প্রযুক্তির অভিযোজন এবং আধুনিক ডাক ব্যবস্থা গড়ে তোলার লক্ষ্যে এ বিভাগ সদা সচেষ্ট।

Allocation of Business অনুযায়ী ডাক ও টেলিযোগাযোগ বিভাগের কার্যাবলী:

- ডাক ও টেলিযোগাযোগ এবং তাদের ব্যবহারিক/প্রায়োগিক বিষয়ে নীতিমালা প্রণয়ন বাস্তবায়ন এবং সংশোধন।
- ডাক সুবিধা ও সেবাসমূহ।
- পোস্ট অফিস সংক্রমণব্যবস্থাসহ অন্যান্য অনুমোদিত ব্যাংকিং কার্যক্রম।
- ডাক জীবনবীমা।
- ডাক প্রেরণ সংক্রান্ত কার্যক্রম (mailing operations) ও কুরিয়ার সেবাসমূহ।
- ডাক নেটওয়ার্কের মাধ্যমে প্রদেয় বিভিন্ন এজেন্সি সেবা।
- দেশে ও বিদেশে দূর-আলাপন (telephony), ন্যারোব্যান্ড ও ব্রডব্যান্ড ইন্টারনেট/ইন্ট্রানেট তথ্য যোগাযোগ (data communications) এবং এ সংশ্লিষ্ট সেবাসহ সকল প্রকার টেলিযোগাযোগ সেবা।
- প্রস্তুতকারক, সরবরাহকারী ও পরিষেবা প্রদানকারীসহ সামগ্রিক টেলিযোগাযোগ শিল্প।
- নেটওয়ার্ক সরঞ্জাম, অ্যাক্সেস নেটওয়ার্ক, জাতীয় এবং আন্তর্জাতিক দূরপাল্লার তথ্য ট্রান্সমিশন নেটওয়ার্ক, যোগাযোগ উপগ্রহ, এবং উপগ্রহ ভূ-কেন্দ্র ইত্যাদিসহ টেলিযোগাযোগ সংক্রান্ত অবকাঠামো উন্নয়ন।
- টেলিযোগাযোগ নেটওয়ার্ক ব্যবহার করে প্রদত্ত তৃতীয় পক্ষীয় অ্যাপ্লিকেশন (Over the top Application) সেবাসমূহ।
- বেতার তরঙ্গ, Telephone Numbering, IP Address, Country Code Top Level Domains 478 টেলিযোগাযোগ / তথ্য যোগাযোগের ক্ষেত্রে ব্যবহৃত বিভিন্ন সনাক্তকারী নম্বরসহ (Identification Numbers) টেলিযোগাযোগ খাতের সম্পদসমূহ।
- টেলিযোগাযোগ নেটওয়ার্ক ও উপাদানসমূহের পাশাপাশি তাদের ব্যবহার/প্রয়োগের ক্ষেত্রে নিরাপত্তা ও সুরক্ষা সংশ্লিষ্ট বিষয়াদি, সাইবার নিরাপত্তা।
- টেলিযোগাযোগ খাতে বিনিয়োগ সংক্রান্ত বিষয়াদি।
- টেলিযোগাযোগ খাতসংশ্লিষ্ট মান (standards), প্রটোকল (protocol), প্রক্রিয়া (procedure) এবং নিয়মাবলী (codes)।
- ডাক ও টেলিযোগাযোগ খাতে গবেষণা ও উন্নয়ন (আরএন্ডি), মানবসম্পদ উন্নয়ন এবং উদ্যোক্তার বিকাশ।
- বিভাগের অধীন রাষ্ট্রীয় মালিকানাধীন উদ্যোগসমূহের সাথে সংশ্লিষ্ট বিষয়াদি।
- বি.সি.এস. (ডাক) ক্যাডারের প্রশাসন।
- বি.সি.এস. (টেলিযোগাযোগ) ক্যাডারের প্রশাসন।
- আর্থিক ও মানবসম্পদ ব্যবস্থাপনাসহ বিভাগের সচিবালয়ের প্রশাসন।



হোম পিটিভির বিষয়ে দপ্তর/সংস্থা টেলিযোগাযোগ সিটিজেন চার্টার অফিসারদের তালিকা বার্ষিক কর্মসম্পাদন চুক্তি
ছবির গ্যালারি যোগাযোগ মন্ত্রী/প্রতিমন্ত্রী মহোদয়গণের কর্মকাল

Font size: A A Color: C C C C


মাননীয় মন্ত্রী

সর্বশেষ হাল-নাগাদ: ২৬ Aug ২০২০

জিআরএস কর্মকর্তা

আপিল কর্মকর্তাঃ

নামঃ মোঃ শাহাদাৎ হোসেন
পদবীঃ অতিরিক্ত সচিব
ফোনঃ ৮৮-০২-৯৫১১১১৩
মোবাইলঃ ০১৭১১৩৭২২২৬
ইমেইলঃ shahadat.hossain@ptd.gov.bd



মোস্তাফা জব্বার

বিস্তারিত

অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা

নামঃ সৈয়দ এমদাদুল হক
পদবীঃ যুগ্ম সচিব
ফোনঃ ০২-৯৫৭৪৪৪৬
মোবাইলঃ +৮৮-০১৫৫০১৫১৫১৫
ইমেইলঃ slzf07@gmail.com

সচিব



মোঃ নূর-উর-রহমান

বিস্তারিত

Share with :



হটলাইন

দুদক -- ১০৬
জরুরী সেবা - ৯৯৯
নাগরিক সেবা - ৩৩৩
শিশু সহায়তা ---১০৯৮
দুর্যোগের আগাম তথ্য- ১০৯০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক ও টেলিযোগাযোগ বিভাগ
ডাক ও টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
যোগসচিব (নিরীক্ষা) দপ্তর

স্মারক নং- ১৪.০০.০০০০.০০৪.০১.০১৭.১৮-১৩৩

তারিখ: ৩১-১০-২০১৯ খ্রি:।

বিষয় : উত্তম চর্চা বিষয়ক তথ্য প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ে ডাক ও টেলিযোগাযোগ বিভাগের উত্তম চর্চার তালিকা এতদসঙ্গে সংযুক্ত করে
নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

সংযুক্তি : ০৩ (তিন) পাতা।

(বিদ্যাং চন্দ্র আইচ)
উপসচিব
ফোন : ৪৭১১৯৫৫৫।

সচিব (সমন্বয় ও সংস্কার)
মন্ত্রিপরিষদ বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

দৃষ্টি আকর্ষণ : খন্দকার সাদিয়া আরাফিন
উপসচিব, শুদ্ধাচার ও প্রশাসনিক সংস্কার অধিশাখা
মন্ত্রিপরিষদ বিভাগ, পুলভবন (১০ম তলা), কক্ষ নং-১০০১।

৪/৩

ডাক ও টেলিযোগাযোগ বিভাগের উত্তম চর্চার তালিকা

১। বাংলাদেশ সাবমেরিন ক্যাবল কোম্পানী লিমিটেড কর্তৃক শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক ও ছাত্র-ছাত্রীবৃন্দকে ল্যান্ডিং স্টেশনের যন্ত্রপাতি সমূহ পরিদর্শনের সুযোগ ও প্রশিক্ষণ প্রদানঃ

সাবমেরিন ক্যাবলের মাধ্যমে আন্তর্জাতিক টেলিযোগাযোগ ও ইন্টারনেট ব্যবস্থার জন্য সর্বাধুনিক প্রযুক্তি ব্যবহার করা হয়। সর্বাধুনিক প্রযুক্তি ব্যবহারের একটি নিদর্শন হিসেবে দেশের শিক্ষা প্রতিষ্ঠান সমূহের শিক্ষক ও ছাত্র-ছাত্রীগণের এ বিষয়ে আগ্রহ রয়েছে। পরবর্তী প্রজন্মকে এ বিষয়ে জ্ঞান আহরণে উৎসাহী করে তোলার প্রচেষ্টা হিসেবে বিভিন্ন সময়ে নানা শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক ও ছাত্র-ছাত্রীবৃন্দকে বিএসসিসিএল এর কক্সবাজার ও কুয়াকাটা সাবমেরিন ক্যাবল ল্যান্ডিং স্টেশনে পরিদর্শনের ব্যবস্থা করা হয়ে থাকে। বিএসসিসিএল এ সব শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক ও ছাত্রীগণকে ল্যান্ডিং স্টেশনের যন্ত্রপাতি সমূহ পরিদর্শনের সুযোগ করে দেয় এবং সাবমেরিন ক্যাবল প্রযুক্তি সম্পর্কে সংক্ষিপ্ত প্রশিক্ষণ দেয়া হয়। এছাড়া বিএসসিসিএল কর্তৃক বিভিন্ন বিশ্ববিদ্যালয় হতে প্রেরিত ছাত্র-ছাত্রীগণকে বিএসসিসিএল এর দুটি ল্যান্ডিং স্টেশন ও ঢাকাস্থ International Internet Gateway (IIG) তে ইন্টারশীপ করার সুযোগ প্রদান করা হয়।

২। টেলিটক কর্তৃক ভার্সুয়াল প্ল্যাটফর্ম ব্যবহার করে টোল ফ্রি নাম্বার (১০৯০) এর মাধ্যমে দুর্যোগকালীন সময়ে আবহাওয়া বার্তা প্রদানঃ

বিভিন্ন পরীক্ষার ফলাফল প্রকাশ, সরকারী বিভিন্ন চাকরির আবেদন, আবেদন ফী অনলাইনে প্রদান, সেবা সংস্থার বিল অনলাইনে প্রদান, পাবলিক পরীক্ষার ফলাফল অনলাইনে ঘাচাই-বাচাই, মোবাইল ব্যাংকিং সেবা, বাঙ্ক এসএমএস সেবা ইত্যাদি বিভিন্ন উদ্ভাবনী ডিজিটাল সেবা টেলিটক নাগরিকদের প্রদান করে থাকে। দুর্যোগ ব্যবস্থাপনায় ভার্সুয়াল প্ল্যাটফর্ম ব্যবহার করে টোল ফ্রি নাম্বারের মাধ্যমে দুর্যোগ কালীন সময়ে আবহাওয়া বার্তা প্রদানের একটি নতুন সেবা টেলিটক প্রদান শুরু করেছে। এ সেবার মাধ্যমে উপকূলবর্তী এলাকার জনগনসহ সমগ্র দেশের জনগণকে আবহাওয়ার বার্তা প্রদানের মাধ্যমে ক্ষয়ক্ষতি কমিয়ে আনা সম্ভব হচ্ছে। ঘূর্ণিঝড় 'ফণি' আঘাতকালীন সময়ে এ সেবা জনপ্রিয়তা অর্জন করেছে।

৩। বিটিসিএল এর গ্রাহকসেবার মান উন্নয়নে অ্যাঙ্কয়েড অ্যাপ "টেলিসেবা"ঃ

বিটিসিএল এর গ্রাহকসেবার মান উন্নয়নে ই-সেবা চালুর মাধ্যমে টেলিফোন ও ইন্টারনেট সেবার বিল ব্যবস্থাপনা এবং অভিযোগ প্রদান সহজীকরণ, তা নিরসন ও মনিটরিং এর জন্য অ্যাঙ্কয়েড "টেলিসেবা" তৈরী করা হয়েছে। বিটিসিএল এর টেলিফোন ও ইন্টারনেট এর একজন গ্রাহক ঘরে বসে অভিযোগ করতে পারেন, অভিযোগের অবস্থা সম্পর্কে অবহিত হতে পারেন, নিষ্পন্ন হলে জানতে পারেন এবং বিল পরিশোধের স্ট্যাটাস দেখা ও বিল পরিশোধ করতে পারেন। উল্লেখ্য, অ্যাপটি সম্পূর্ণরূপে বিটিসিএল এর নিজস্ব সম্পদ (সার্ভার, ডোমেইন, হোস্টিং ইত্যাদি) ব্যবহার করে বিটিসিএল এর নিজস্ব প্রকৌশলীদের দ্বারা তৈরী করা হয়েছে। টেলিসেবা অ্যাপ গ্রাহক অভিযোগ প্রদানের সাথে সাথে স্বয়ংক্রিয়ভাবে তা সংশ্লিষ্ট উপমহাব্যবস্থাপকের কাছে পৌঁছে যাবে। অ্যাপটিতে বিটিসিএল এর অভিযোগ মনিটরিং ব্যবস্থাকে জোরদার করা হয়েছে। প্রত্যেক কর্মকর্তা তাঁর অধীনস্থ কর্মকর্তাকে মনিটর করতে পারেন। কোন অভিযোগ দুইদিন বা তার বেশী অনিষ্পন্ন থাকলে স্বয়ংক্রিয়ভাবে সংশ্লিষ্ট মুখ্য মহাব্যবস্থাপক এর কাছে এবং তিন দিন বা তার বেশী সময় অনিষ্পন্ন থাকলে উপ ব্যবস্থাপনা পরিচালক ও ব্যবস্থাপনা পরিচালকের কাছে পৌঁছে যাবে। ফলে বিটিসিএল এ জবাবদিহিতা ও স্বচ্ছতা বৃদ্ধি পাবে। গ্রাহক অভিযোগ দাখিল ও নিষ্পন্ন হওয়ার পর অ্যাপ নোটিফিকেশন ও এসএমএস পাবেন এবং গ্রাহক তার মূল্যবান মতামত (ফিডব্যাক) দিতে পারবেন। লাইনম্যান বা ক্যাম্পের সংশ্লেষ না থাকায় গ্রাহকের হয়রানী কমবে। এছাড়াও টেলিসেবা অ্যাপ ব্যবহার করে গ্রাহক ঘরে বসে তাঁর টেলিফোন এবং ইন্টারনেট (GPON ও ADSL) এর বিল দেখতে পারেন।

বিল অপরিশোধিত থাকলে মোবাইল ব্যাংকিং সেবা (নগদ, বিকাশ এবং রকেট) ব্যবহার করে টেলিফোন/ইন্টারনেট এর বিল পরিশোধও করতে পারেন। “টেলিসেবা” বিটিসিএল এর টেলিফোন বিল এবং অভিযোগ সেবাকে জনগণের দোরগোড়ায় পৌঁছে দিয়েছে।

৪। টেলিযোগাযোগ অধিদপ্তর কর্তৃক সাইবার অপরাধ সংক্রান্ত বিষয়াদি সনাক্তকরণ এবং নীতি ও মূল্যবোধের সংগে সামঞ্জস্যপূর্ণ নিরাপদ ইন্টারনেট ব্যবস্থাপনা সুনিশ্চিত করণঃ

টেলিযোগাযোগ অধিদপ্তর “সাইবার থ্রেট ডিটেকশন এন্ড রেসপন্স” শীর্ষক প্রকল্প বাস্তবায়ন করেছে যার মাধ্যমে সাইবার হুমকি সংক্রান্ত বিষয়াদি মনিটরিং, দেশের সকল IIG এবং NIX-এ যন্ত্রপাতি সংস্থাপনের মাধ্যমে সাইবার হুমকি সংক্রান্ত বিষয়াদি সনাক্তকরণপূর্বক সরকারি নীতিমালা অনুযায়ী তা ফিল্টারিং এর ব্যবস্থা গ্রহণ, সাইবার অপরাধ হ্রাসে সহায়ক ভূমিকা পালন এবং দেশের সামাজিক নীতি ও মূল্যবোধের সংগে সামঞ্জস্যপূর্ণ নিরাপদ ইন্টারনেট ব্যবস্থাপনা সুনিশ্চিত করায় ভূমিকা রাখা সম্ভব হচ্ছে। ফলে মোবাইল ফোন ও ইন্টারনেটের মাধ্যমে যুব সমাজের নৈতিক অবক্ষয়ের যে সমস্যাগুলি লক্ষ্য করা যাচ্ছে তা নিরসনে এ ধরনের ওয়েবসাইটের দৃশ্যমানতা বাংলাদেশ থেকে রোধ করা হচ্ছে। এ পদক্ষেপের মাধ্যমে ২২ হাজার পর্ন ও ২ হাজার গ্যাংলিং সাইট রয়েছে। এ ধরনের কোন ওয়েবসাইটের সন্ধান পেলে সকলকে অবহিত করার অনুরোধ করা হয়েছে।

৫। বাংলাদেশ কমিউনিকেশন স্যাটেলাইট কোম্পানি লিমিটেড কর্তৃক স্যাটেলাইট বিষয়ে জ্ঞান আহরণে উৎসাহী করে তোলার প্রচেষ্টা হিসেবে শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক ও ছাত্র-ছাত্রীবৃন্দকে গ্রাউন্ড স্টেশন পরিদর্শনের ব্যবস্থাঃ

বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ উৎক্ষেপণের মধ্য দিয়ে ৫৭ তম দেশ হিসেবে নিজস্ব স্যাটেলাইট উৎক্ষেপণকারী দেশের তালিকায় বাংলাদেশ যোগ হয়েছে। স্যাটেলাইটটি নিয়ন্ত্রণের জন্য দুটি গ্রাউন্ড স্টেশন (ভূমি থেকে নিয়ন্ত্রণ ব্যবস্থা) তৈরি করা হয়েছে। এর মধ্যে জয়দেবপুরের গ্রাউন্ড স্টেশনটিই স্যাটেলাইট নিয়ন্ত্রণের মূল কেন্দ্র হিসেবে কাজ করছে। বিকল্প হিসেবে ব্যবহার করা হচ্ছে রাঙামাটির বেতবুনিয়া গ্রাউন্ড স্টেশন। স্যাটেলাইট নিয়ে ছাত্র-ছাত্রীসহ সমাজের সকলের প্রবল আগ্রহ রয়েছে। পরবর্তী প্রজন্মকে এ বিষয়ে জ্ঞান আহরণে উৎসাহী করে তোলার প্রচেষ্টা হিসেবে বিভিন্ন বিশ্ববিদ্যালয় ও সংস্থার সদস্যবৃন্দকে গ্রাউন্ড স্টেশন পরিদর্শনের ব্যবস্থা করা হয়।

৬। বাংলাদেশ সারমেরিন ক্যাবল কোম্পানী লিমিটেড (বিএসসিসিএল) এর গ্রাহকগণকে সার্বক্ষণিক (২৪ X ৭) সেবা প্রদান নিশ্চিত করণঃ

বাংলাদেশ সারমেরিন ক্যাবল কোম্পানী লিমিটেড (বিএসসিসিএল) এর গ্রাহকগণকে অনলাইনের মাধ্যমে মানসম্পন্ন সেবা প্রদান করার নিমিত্তে ঢাকা, কক্সবাজার ও কুমাকাটা'স্থ ২৪ X ৭ ভিত্তিতে Network Operation Centre পরিচালনা করা হচ্ছে। NOC এর মাধ্যমে গ্রাহকগণের নিকট হতে টেলিফোন, ই-মেইল বা Ticketing System এ প্রাপ্ত নেটওয়ার্ক সংক্রান্ত কোন সমস্যা বা Query তাৎক্ষণিক অথবা দ্রুততম সময়ে সমাধান প্রদান করা হয়ে থাকে। এছাড়াও নতুন সেবা গ্রহণের ক্ষেত্রে আবেদন পাওয়ার ৭২ ঘন্টার মধ্যে গ্রাহকগণকে ডিম্যান্ড নোট ইস্যু করা হয়ে থাকে।

৭। বাংলাদেশ কমিউনিকেশন স্যাটেলাইট কোম্পানি লিমিটেড কর্তৃক মাসিক ভিত্তিতে শ্রেষ্ঠ কর্মকর্তা/কর্মচারী নির্বাচনঃ

বাংলাদেশ কমিউনিকেশন স্যাটেলাইট কোম্পানি লিমিটেড প্রতিটি কর্মকর্তা ও কর্মচারীর কাজের উপর ভিত্তি করে মাসিক ভিত্তিতে শ্রেষ্ঠ কর্মকর্তা/কর্মচারী নির্বাচন করার প্রক্রিয়া চলমান রয়েছে।

৮। বাংলাদেশ কমিউনিকেশন স্যাটেলাইট কোম্পানি লিমিটেড কর্তৃক কর্মকর্তা ও কর্মচারীদের কাছ থেকে নিয়মিত সার্ভিস ফিডব্যাক গ্রহণঃ

বাংলাদেশ কমিউনিকেশন স্যাটেলাইট কোম্পানি লিমিটেড প্রতি মাসে প্রতিষ্ঠানে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের নিয়ে একটি সভার আয়োজন করে থাকে। সভায় প্রতিটি কর্মকর্তা ও কর্মচারীদের কাছ থেকে তাদের কাজের বিষয়ে মতামত চাওয়া হয়। উক্ত মতামতের উপর ভিত্তি করে কোম্পানির কার্যক্রম কিভাবে আরও গতিশীল করা যায় সে বিষয়ে সিদ্ধান্ত নেয়া হয়ে থাকে।



ডাক ও টেলিযোগাযোগ বিভাগ
POSTS & TELECOMMUNICATIONS DIVISION

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
ডাক ও টেলিযোগাযোগ বিভাগ
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.ptd.gov.bd



ডিজিটাল বাংলাদেশ
Digital Bangladesh

স্মারক নম্বর: ১৪.০০.০০০০.০০১.১৬.০৫৪.১৭.১১৫৮

তারিখ: ২ পৌষ ১৪২৬

১৭ ডিসেম্বর ২০১৯

বিষয়: বাংলাদেশ ন্যাশনাল ডিজিটাল আর্কিটেকচার (BNDA) বাস্তবায়নে ফোকাল পয়েন্ট ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা মনোনয়ন।

সূত্র: আইসিটি বিভাগের স্মারক নং- ৫৬.০০.০০০০.০২৭.২২.০০১.১৯.১৭০/১৩৪, তারিখ: ০২.১২.২০১৯খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে বাংলাদেশ ন্যাশনাল ডিজিটাল আর্কিটেকচার (BNDA) বাস্তবায়নে ডাক ও টেলিযোগাযোগ বিভাগের ফোকাল পয়েন্ট ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা হিসাবে নিয়োক্ত কর্মকর্তাদ্বয় মনোনীত হয়েছেন (ফপি সংযুক্ত)।

ক্র:	নাম ও পদবী	মনোনয়নের ধরন	যোগাযোগের নম্বর
১.	জনাব বিদ্যুৎ চন্দ্র আইচ উপসচিব	ফোকাল পয়েন্ট কর্মকর্তা	মোবাইলঃ ০১৫৫০ ১৫ ১২ ৬৪ ইমেইলঃ bidyutca@yahoo.com
২.	জনাব মোঃ জিয়ারুল ইসলাম প্রোগ্রামার	বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা	মোবাইলঃ ০১৫৫০ ১৫ ৩৬ ৩৯ ইমেইলঃ telecom2@ptd.gov.bd

সংযুক্তিঃ বর্ণনামতে।

১৭-১২-২০১৯

মো: মোখলেছুর রহমান

উপসচিব

ফোন: ০২ ৯৫১৪৪৪৯

ফ্যাক্স: ০২ ৯৫১৫৫৯৯

ইমেইল: admin1@ptd.gov.bd

সিনিয়র সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি
টাওয়ার, আগারগাঁও, শেরে-বাংলানগর, ঢাকা।

স্মারক নম্বর: ১৪.০০.০০০০.০০১.১৬.০৫৪.১৭.১১৫৮/১(২)

তারিখ: ২ পৌষ ১৪২৬

১৭ ডিসেম্বর ২০১৯

অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- জনাব বিদ্যুৎ চন্দ্র আইচ, উপসচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- জনাব মোঃ জিয়ারুল ইসলাম, প্রোগ্রামার, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১৭-১২-২০১৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
ডাক ও টেলিযোগাযোগ বিভাগ
প্রশাসন - ১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.ptd.gov.bd

নং-১৪.০০.০০০০.০০১.১৬.০০৯.১৭.৬২৬(১)

তারিখ: ২৬ আষাঢ় ১৪১৬
১০ জুলাই ২০১৯

বিষয়ঃ ডেজিগনেটেড অফিসার মনোনয়ন।

উপর্যুক্ত বিষয়ে "তথ্য প্রকাশ (সুরক্ষা প্রদান) বিধিসমূহ, ২০১৭" অনুযায়ী কার্যক্রম পরিচালনার জন্য ডাক ও টেলিযোগাযোগ বিভাগের নিম্নোক্ত কর্মকর্তা-কে নির্দেশক্রমে "ডেজিগনেটেড অফিসার" হিসাবে মনোনয়ন প্রদান করা হলোঃ

জনাব মোঃ আমিনুল হক উপসচিব ডাক ও টেলিযোগাযোগ বিভাগ।	ফোনঃ ০২ ৯৫৮৫০০৮ মোবাইলঃ ০১৫৫০ ১৫ ৩৮ ৮৯ ই-মেইলঃ admin3@ptd.gov.bd
--	--

(মোঃ একরামুল হক চৌধুরী)
সহকারী সচিব
ফোনঃ ৪৭১২৪৩৩২

ভারপ্রাপ্ত সচিব
সমন্বয় ও সংস্কার
মন্ত্রিপরিষদ বিভাগ।

(দৃষ্টি আকর্ষণঃ জনাব খন্দকার সাদিয়া আরাফিন, উপসচিব, প্রশাসনিক সংস্কার অধিশাখা।)

অনুলিপিঃ সদয় অবগতি ও কার্যার্থে।

০১। জনাব মোঃ আমিনুল হক, উপসচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
ডাক ও টেলিযোগাযোগ বিভাগ
পরিকল্পনা-১ শাখা

বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)র জুন'২০২০ এর পর্যালোচনা সভার কার্যবিবরণী।

সভাপতি মোস্তাফা জম্বার
মাননীয় মন্ত্রী
সভার তারিখ ২৬.০৭.২০২০ খ্রিস্টাব্দ।
সভার সময় ১২.০০ ঘটিকা।
স্থান ডাক ও টেলিযোগাযোগ বিভাগের সভা কক্ষ।
উপস্থিতি ভিডিও কনফারেন্সিং-এর মাধ্যমে।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় জানান হয় যে, এ বিভাগের উন্নয়ন প্রকল্প কার্যক্রমে সংশ্লিষ্ট পরিকল্পনা কমিশনের ভৌত অবকাঠামো বিভাগের মুগ্ধ প্রধান জনাব মোঃ লুৎফর রহমান তরফদার গত ১৭/০৭/২০২০ তারিখে কোভিড-১৯ এ আক্রান্ত হয়ে মৃত্যু বরণ করেছেন। সভায় তাঁর অকাল মৃত্যুতে গভীর শোক প্রকাশ করা হয় এবং শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি সমবেদনা জানান হয়। এ ছাড়া এ বিভাগের আওতাধীন বিটিসিএল এর চারজন কর্মচারী ক) মোহাম্মদ আতাউর রহমান, ক্রিনার; খ) মোঃ আবদুর রহমান, ক্রিনার; গ) মোঃ রুহুল কুদ্দুস, ওয়ার্ক চার্জড কর্মচারী; ঘ) মোঃ আশরাফুজ্জামান, টিসিটি এবং ডাক বিভাগের অবসরপ্রাপ্ত চিকিৎসক ডাঃ মোঃ আবদুল হামিদ মিয়া (যিনি পরবর্তীতে ডাক বিভাগের কর্মচারীদের স্বেচ্ছায় চিকিৎসাসেবা দান করছিলেন) চিকিৎসাসেবা দানরত অবস্থায় এ রোগে আক্রান্ত হয়ে মৃত্যুবরণ করেছেন। তাদের বিষয়েও এ সভা থেকে গভীর শোক প্রকাশ করা হয় এবং শোকসন্তপ্ত পরিবারের প্রতি আন্তরিক সমবেদনা জ্ঞাপন করা হয়। সভায় সকল শোকাহত পরিবারের সদস্যদের নিকট এ বিভাগের পক্ষ থেকে শোকবার্তা প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

২। অতঃপর সভাপতির অনুমোদনক্রমে সচিব আলোচ্য বিষয়সমূহ সভায় উপস্থাপন করেন। সভাকে জানানো হয় যে, ২০১৯-২০ অর্থ বছরের আরএডিপি-তে ডাক ও টেলিযোগাযোগ বিভাগের আওতাধীন বিভিন্ন সংস্থার বাস্তবায়নায়ী ১২টি প্রকল্পের অনুকূলে বরাদ্দ রয়েছে মোট ১৫৯০.৭৩ কোটি টাকা (জিওবি ১২৯০.৭২ কোটি টাকা এবং প্রকল্প সাহায্য ৩২০.০১ কোটি টাকা)। প্রকল্পসমূহের অনুকূলে জুন'২০২০-এ অর্থ ব্যয়ের পরিমাণ ১৩৭৩.১৫ কোটি টাকা যা মোট বরাদ্দের ৮৬.৩২%।

৪। চলমান প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতির পর্যালোচনাঃ

ক্র নং	প্রকল্পের নাম, প্রাঃ ব্যয়, মেয়াদ ও সংস্থা	আলোচনা	সিদ্ধান্ত
১	"সাইবার স্ট্রেট ডিটেকশন এ্যান্ড রেসপন্স", ১৫৯.১৭ কোটি টাকা, ডিসেম্বর'২০১৬- ডিসেম্বর' ২০১৯ টেলিযোগাযোগ অধিদপ্তর।	সভাপতি প্রকল্পের আওতায় filtering করার জন্য যে ৪৩ টি পয়েন্টে ইকুইপমেন্ট সংস্থাপন করা হয়েছে তার ধারণক্ষমতা বিষয়ে জানতে চাইলে সাবেক প্রকল্প পরিচালক জানান যে, ইকুইপমেন্টের ধারণক্ষমতা পর্যাপ্ত আছে এবং প্রতিনিয়ত আইআইজিসমূহের যে ব্যান্ডউইথ বৃদ্ধি পাচ্ছে তা সংস্থাপিত ইকুইপমেন্টের মাধ্যমেই filtering করা সম্ভব। সুতরাং filtering কার্যক্রম নিশ্চিত করার জন্য নতুন ব্যান্ডউইথ সংস্থাপিত ইকুইপমেন্টে সংযোগ প্রদান করে কমিশনিং করতে হবে। তাছাড়াও কোন আইআইজি নতুন লোকেশনে POP স্থাপন করলে নতুন POP এর ব্যান্ডউইথ সংস্থাপিত সিস্টেমে আনয়ন করতে হবে। সভাপতি এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং প্রকল্পের প্রকল্প সমাপ্তি প্রতিবেদন পেশ করার জন্য মহাপরিচালক, টেলিযোগাযোগ অধিদপ্তরকে নির্দেশনা প্রদান করেন।	১. সাবেক প্রকল্প পরিচালক ও Tech Valley এর সাথে পরামর্শ করে জরুরী ভিত্তিতে কার্যক্রম গ্রহণ পূর্বক নিশ্চিত filtering নিশ্চিত করতে হবে। ২. প্রকল্পের প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (PCR) জরুরী ভিত্তিতে অত্র বিভাগে প্রেরণ করতে হবে। বাস্তবায়ন: মহাপরিচালক, টেলিযোগাযোগ অধিদপ্তর।
২	"দেশের সকল সরকারি কলেজ/বিশ্ববিদ্যালয় ও ট্রেনিং ইনস্টিটিউটে অপটিক্যাল ফাইবার ক্যাবল নেটওয়ার্ক স্থাপন", ৪৪.৯৮ কোটি টাকা, জুলাই'২০১৮- জুন' ২০২১, বিটিসিএল।	প্রকল্প পরিচালক সভায় অবহিত করেন যে, প্রকল্পের আওতায় ৫৪৮টি শিক্ষা প্রতিষ্ঠানে ওয়াই-ফাই সংযোগ প্রদান করা হয়েছে। অবশিষ্ট প্রতিষ্ঠানগুলোতেও অভিসঙ্গর নেটওয়ার্ক চালু করা হবে। তাছাড়া এই নেটওয়ার্কের প্রকল্প পরবর্তী ব্যবস্থাপনার জন্য শিক্ষাপ্রতিষ্ঠান সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের সাথে সমঝোতা স্মারক স্বাক্ষরের প্রক্রিয়া চলছে। এ প্রসঙ্গে সচিব মহোদয় বলেন যে, প্রকল্পটি সর্বত্র প্রশংসিত হয়েছে। বিভিন্ন মন্ত্রণালয় থেকে এ প্রকল্পের কাজ সম্প্রসারণের জন্য অনুরোধ আসছে। তাই এ প্রকল্পের ২য় পর্যায় নেওয়া যেতে পারে।	এ প্রকল্পের ২য় পর্যায় গ্রহণের বিষয়ে শীঘ্রই পদক্ষেপ নিতে হবে। বাস্তবায়ন: ব্যবস্থাপনা পরিচালক, বিটিসিএল।

৩	“ডিজিটাল সংযোগের জন্য টেলিকমিউনিকেশন নেটওয়ার্ক আধুনিকীকরণ”, ২৫৭৩.৩৯ কোটি টাকা, জুলাই’২০১৭-জুন’২০২১ বিটিসিএল।	প্রকল্পের আর্থিক বাস্তব অগ্রগতির জন্য প্রকল্প পরিচালক-কে ধন্যবাদ জানানো হয়। আগামী অর্থবছরেও প্রকল্প বাস্তবায়নের ধারা অব্যাহত থাকবে বলে আশাবাদ ব্যক্ত করা হয়।	১. কর্মপরিকল্পনা অনুযায়ী নির্ধারিত সময়ে প্রকল্প কাজ সমাপ্ত করতে হবে। ২. পিইসি সভার সিদ্ধান্ত মোতাবেক পুনর্গঠিত ডিপিপি এ বিভাগে পেশ করতে হবে। বাস্তবায়ন: ব্যবস্থাপনা পরিচালক, বিটিসিএল/ প্রকল্প পরিচালক।
৪	“ডিজিটাল কানেকটিভিটি শক্তিশালীকরণে সুইচিং ও ট্রান্সমিশন নেটওয়ার্ক উন্নয়ন” ১৫৫.৩৮ কোটি টাকা জানুয়ারি’২০১৯-জুন-২০২১, বিটিসিএল।	প্রকল্প পরিচালক জানান যে, প্রকল্পের আওতায় গৃহীত ৪টি দরপত্রের কেবল একটিতে কার্যাদেশ দেওয়া হয়েছে। অপর ৩টি দরপত্রের ক্ষেত্রে পুনঃ দরপত্র আহ্বানের সিদ্ধান্ত গৃহীত হয়েছে।	অনুমোদিত কর্মপরিকল্পনা এবং সরকারি বিধি-বিধান অনুযায়ী দরপত্র কার্যক্রম স্বচ্ছতা বজায় রেখে দ্রুত শেষ করতে হবে। বাস্তবায়ন: প্রকল্প পরিচালক।
৫	“চট্টগ্রাম মিরসরাই অর্থনৈতিক অঞ্চলে টেলিযোগাযোগ নেটওয়ার্ক স্থাপন”, ৬১.৯০ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে ১ জুলাই ২০১৯ হতে ৩১ ডিসেম্বর ২০২১ পর্যন্ত, বিটিসিএল	ব্যবস্থাপনা পরিচালক, বিটিসিএল জানান যে, চলতি বছরের বরাদ্দ সম্পূর্ণ ব্যয় হয়েছে। আগামী অর্থ বছরের কর্মপরিকল্পনা গ্রহণ করা হয়েছে।	১. অনুমোদিত কর্মপরিকল্পনা এবং সরকারি বিধি-বিধান অনুযায়ী প্রকল্পের বাস্তবায়ন কাজ শেষ করতে হবে। বাস্তবায়ন: প্রকল্প পরিচালক।
৬	“টেলিযোগাযোগ খাতে 3G প্রযুক্তি চালুকরণ এবং বিদ্যমান 2.5Gনেটওয়ার্ক সম্প্রসারণ (২য় পর্যায়)” ৭৭৮.৮৫ কোটি টাকা, এপ্রিল’২০১৭- জুন ২০২১, টেলিটক।	প্রকল্পের আর্থিক বাস্তব অগ্রগতি যথাক্রমে ৯৫% ও ৯৭% বলে প্রকল্প পরিচালক জানান। এ বছরে ১৮.০০ কোটি টাকা ব্যয় করা সম্ভব হয়নি। আগামী অর্থ বছরে অব্যয়িত অর্থ বরাদ্দ প্রদানের বিষয়টি বিবেচনার জন্য তিনি সভাপতির দৃষ্টি আকর্ষণ করেন।	প্রকল্প সমাপ্তির নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পের সার্বিক কার্যক্রম সম্পন্ন করতে হবে এবং কাজের শতভাগ গুণগত মান নিশ্চিত করতে হবে। বাস্তবায়ন: প্রকল্প পরিচালক।
৭	“সৌর বেস স্টেশন স্থাপনের মাধ্যমে দুর্গম ও প্রত্যন্ত অঞ্চলে টেলিটক নেটওয়ার্ক কভারেজ শক্তিশালীকরণ” ৪০৬.১৮ কোটি টাকা অক্টোবর’২০১৮- অক্টোবর’২০২০ টেলিটক।	অর্থ বিভাগ থেকে নির্ধারিত সময়ে অর্থ ছাড় করা হয়নি। তাই প্রকল্পের অগ্রগতি কম। সচিব মহোদয় ভারত সরকারের সর্বশেষ পত্রের জবাব দেওয়ার জন্য নির্দেশনা প্রদান করেন।	১. দরপত্র কার্যক্রমসহ প্রকল্পের অন্যান্য কার্যক্রম সম্পন্ন করার বিষয়ে অর্থনৈতিক সম্পর্ক বিভাগ এবং এগ্রিম ব্যাংক অব ইন্ডিয়া-র সাথে নিবিড় যোগাযোগ রক্ষা করতে হবে। ২. প্রকল্পের মেয়াদ বৃদ্ধির প্রস্তাব পেশ করতে হবে। ৩. ভারতীয় দূতবাসের পত্রের জবাব যথাযথভাবে দিতে হবে। বাস্তবায়ন: প্রকল্প পরিচালক।
৮	“জরাজীর্ণ ডাকঘরসমূহের সংস্কার/ পুনর্বাসন (২য় পর্যায়)”, ২২৫.০০ কোটি ০১ জানুয়ারী ২০১৭-৩০ জুন ২০২১, ডাক অধিদপ্তর।	প্রকল্প পরিচালক জানান যে, ২৯/০৭/২০২০ তারিখে দ্বিতীয় বারের টেন্ডার খোলা হবে। সচিব মহোদয় এবারের টেন্ডার সফল করার বিষয়ে যথাযথ পদক্ষেপ এবং সতর্কতা গ্রহণের নির্দেশনা প্রদান করেন।	১. সরকারি বিধি-বিধান অনুসরণপূর্বক স্বচ্ছতা নিশ্চিত করে দরপত্র কার্যক্রম দ্রুত শেষ করতে হবে। ২. কাজের গুণগতমান নিশ্চিত করতে হবে। বাস্তবায়ন: মহাপরিচালক, ডাক অধিদপ্তর/ প্রকল্প পরিচালক।
৯	“ঢাকা শহরে ডাক অধিদপ্তরের কর্মকর্তা/ কর্মচারীদের জন্য আবাসিক ভবন নির্মাণ”, ৩৭৬.৭৩ কোটি টাকা জানুয়ারি ২০১৭-জুন ২০২১ ডাক অধিদপ্তর।	প্রকল্প পরিচালক জানান যে, প্রকল্পের সার্বিক কার্যক্রম প্রায় সমাপ্ত হয়েছে। কেবল গ্যাস সংযোগ, লিফট স্থাপনসহ ফিনিশিং কাজ বাকি আছে যা নির্ধারিত সময়ের দহ পূর্বেই সমাপ্ত হবে। প্রকল্পের আর্থিক ও বাস্তব অগ্রগতিতে সন্তোষ প্রকাশ করা হয়। আগামী অর্থ বছরে বাস্তবায়ন অগ্রগতি অব্যাহত থাকবে বলে আশাবাদ ব্যক্ত করা হয়।	১. নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্প বাস্তবায়ন কার্যক্রম সম্পন্ন করতে হবে। ২. কাজের গুণগতমান নিশ্চিত করতে হবে। বাস্তবায়ন: মহাপরিচালক, ডাক অধিদপ্তর/ প্রকল্প পরিচালক।
১০	“মেইল প্রসেসিং ও লজিস্টিক সার্ভিস সেন্টার নির্মাণ, ৩৬৫.৪৯ কোটি টাকা, জুলাই’২০১৮- জুন’ ২০২১ ডাক অধিদপ্তর।	প্রকল্প পরিচালক জানান যে, প্রকল্পের অনুকূলে এই অর্থ বছরে বরাদ্দকৃত ২০৭.০০ কোটি টাকার মধ্যে ১৮০.০০ কোটি টাকা ব্যয় হয়েছে। অব্যয়িত অর্থ ২০২০-২১ অর্থবছরে বরাদ্দ প্রদানের জন্য তিনি সভাপতির দৃষ্টি আকর্ষণ করেন। যুগ্মপ্রধান এ বিষয়ে পরিকল্পনা কমিশনে পত্র প্রেরণ করা হয়েছে মর্মে অবহিত করেন। সভাপতি দরপত্রের আহ্বান ও মূল্যায়নের ক্ষেত্রে যথাযথ স্বচ্ছতা নিশ্চিত করার নির্দেশনা দেন।	১. প্রকল্প কাজের গুণগতমান নিশ্চিত করতে হবে। ২. প্রকল্পের আওতায় সংগৃহীত যন্ত্রপাতি বিশেষজ্ঞ কমিটির প্রত্যয়নপূর্বক গ্রহণ করতে হবে। ৩. প্রকল্পের অনুকূলে প্রয়োজনীয় অর্থ বরাদ্দের বিষয়ে পরিকল্পনা কমিশনে যোগাযোগ রক্ষা করতে হবে। বাস্তবায়ন: মহাপরিচালক, ডাক অধিদপ্তর/ প্রকল্প পরিচালক এবং যুগ্মপ্রধান।
১১	“ডাক অধিদপ্তরের ভৌত অবকাঠামো সম্প্রসারণ”, ৪৭৯.৮৬ কোটি টাকা, জুলাই’২০১৮-জুন ২০২১ ডাক অধিদপ্তর।	প্রকল্প পরিচালক জানান যে, চলমান মহামারির জন্য প্রকল্পের অনুকূলে বরাদ্দের সমুদয় অংশ ব্যয় করা সম্ভব হয়নি।	১. দরপত্র আহ্বান ও মূল্যায়ন করতে হবে এবং এ বিষয়ে যথাযথ স্বচ্ছতা নিশ্চিত করতে হবে। ২. প্রকল্প কাজের গুণগতমান নিশ্চিত করতে হবে এবং প্রকল্পের আওতায় সংগৃহীত যন্ত্রপাতি বিশেষজ্ঞ কমিটির প্রত্যয়নপূর্বক গ্রহণ করতে হবে। বাস্তবায়ন: মহাপরিচালক, ডাক অধিদপ্তর/ প্রকল্প পরিচালক।

১২	"বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন ভবন নির্মাণ", ২০২.৬৫ কোটি টাকা, এপ্রিল'২০১৮-ডিসেম্বর' ২০২০, বিটিআরসি।	প্রকল্প পরিচালক জানান যে, প্রকল্পে আর্থিক ও বাস্তবায়ন অগ্রগতি ভাল। কর্মপরিকল্পনা অনুযায়ী বাস্তবায়ন কাজ চলমান আছে। আগামী অর্থ বছরের অর্থ বরাদ্দের বিষয়টি নিশ্চিত করতে সভাপতির দৃষ্টি আকর্ষণ করেন।	১. নির্ধারিত সময়ে প্রকল্প বাস্তবায়ন কার্যক্রম সম্পন্ন করতে হবে এবং নিয়মিত পিআইসি ও পিএসসি সভা করতে হবে। ২. প্রকল্প বাস্তবায়নকারী কর্তৃপক্ষ প্রকল্প কাজ নিয়মিত মনিটরিং করবে। বাস্তবায়ন: প্রকল্প পরিচালক।
----	--	--	---

৫। সামাজিক দায়বদ্ধতার তহবিল (SOF)-এ বাস্তবায়নাধীন প্রকল্পঃ

ক্র নং	প্রকল্পের নাম, প্রাঃ ব্যয়, মেয়াদ ও সংস্থা	আলোচনা	সিদ্ধান্ত
১	"স্যাটেলাইট-এর মাধ্যমে দ্বীপ এলাকায় নেটওয়ার্ক স্থাপন" প্রাকল্পিত ব্যয় : ৪৪.৪০ কোটি টাকা। মেয়াদ: ০১-অক্টোবর ২০১৮-৩০ জুন ২০২১ বিসিএসসিএল।	এমডি, বিএসসিএল জানান যে, ৫০টি সাইটে কাজ চলমান আছে। বিদেশী পরামর্শকের ভ্রমণে বিধি-নিষেধ থাকায় কাজ কিছুটা বিলম্ব হয়েছে। তবে নির্ধারিত মেয়াদে প্রকল্পের কাজ শেষ করা হবে।	১. নির্ধারিত সময়ে প্রকল্প বাস্তবায়ন কার্যক্রম সম্পন্ন করতে হবে। ২. প্রকল্প বাস্তবায়নকারী কর্তৃপক্ষ প্রকল্প কাজ নিয়মিত মনিটরিং করবেন। বাস্তবায়ন: ব্যবস্থাপনা পরিচালক, বিসিএসসিএল।
২	"হাওড় ও দ্বীপাঞ্চলে উচ্চ গতির মোবাইল ব্রডব্যান্ড নেটওয়ার্ক স্থাপন" ব্যয় : ৩৭৯.৮৮ কোটি টাকা বাস্তবায়নকাল: ফেব্রুয়ারি, ২০১৯-জুন ২০২১, টেলিটক বাংলাদেশ লিমিটেড।	১. এমডি, টেলিটক জানান যে, ২০০টি সাইটের মধ্যে ১৫৬টি সাইটের কাজ প্রায় শেষ হওয়ার পথে। সেপ্টেম্বর এর মধ্যে প্রকল্পের ১ম পর্বের কাজ শেষ হবে।	১. নির্ধারিত সময়ে প্রকল্প বাস্তবায়ন কার্যক্রম সম্পন্ন করতে হবে। ২. প্রকল্প বাস্তবায়নকারী কর্তৃপক্ষ প্রকল্প কাজ নিয়মিত মনিটরিং করবেন। বাস্তবায়ন: প্রকল্প পরিচালক।
৩	"দুর্গম এলাকায় তথ্য প্রযুক্তি নেটওয়ার্ক স্থাপন কানেস্টেড বাংলাদেশ" ব্যয়ঃ ৪৭৬.০৭১ কোটি টাকা মেয়াদঃ ডিসেম্বর ২০১৯- ডিসেম্বর ২০২১। বিসিপি, আইসিটি বিভাগ	প্রকল্প পরিচালক জানান যে, ইতোমধ্যে টেকনিক্যাল কমিটির ৫ম সভা অনুষ্ঠিত হয়েছে। বিগত সভার নির্দেশনা অনুসারে প্রকল্প সংশোধন এর কাজ চলছে। সভাপতি সকল ক্ষেত্রে সরকারী ভাড়া বাড়ীর পরিবর্তে সরকারি অফিস/স্থাপনায়, ডাকঘর, সরকারি শিক্ষা প্রতিষ্ঠানে প্রকল্পের যন্ত্রপাতি স্থাপনের নির্দেশনা দেন।	১. টেকনিক্যাল কমিটির সিদ্ধান্ত অনুযায়ী প্রকল্প বাস্তবায়ন করতে হবে। ২. কোন বেসরকারি স্থানে প্রকল্পের যন্ত্রপাতি স্থাপন করা যাবে না। বাস্তবায়ন: প্রকল্প পরিচালক।
৪	"টেলিযোগাযোগ, মোবাইল প্রযুক্তি এবং ইন্টারনেট নির্ভর ডিজিটাল ডাক সেবা সমূহ দুর্গম, প্রত্যন্ত, উপকূলীয়, হাওর ও পার্বত্য এলাকায় প্রবর্তন ও সম্প্রসারণ" ব্যয়ঃ ৪৬.৬৮ কোটি টাকা মেয়াদঃ জানুয়ারি'২০২০-জুন' ২০২১। ডাক অধিদপ্তর।	প্রকল্প পরিচালক জানান যে, Software তৈরীর কাজ চলমান আছে। এ কাজ শেষ হওয়ার পর প্রশিক্ষণ কাজ শুরু হবে।	১. নির্ধারিত সময়ে মান সম্পন্নভাবে প্রকল্প কাজ শেষ করতে হবে। ২. প্রকল্পের মেয়াদ বৃদ্ধির প্রস্তাব করতে হবে। বাস্তবায়ন: প্রকল্প পরিচালক।
৫	"সুবিধা বঞ্চিত প্রাথমিক বিদ্যালয়ে ডিজিটাল ক্লাশ চালুকরণ" প্রকল্প।	সভাপতি অগ্রাধিকারভিত্তিতে প্রকল্পটির কাজ আরম্ভ করে দ্রুত বাস্তবায়ন করার নির্দেশ দেন	অগ্রাধিকার ভিত্তিতে প্রকল্পটির কাজ আরম্ভ করে দ্রুত বাস্তবায়ন করতে হবে। বাস্তবায়ন: টেলিযোগাযোগ অধিদপ্তর।
৬	"বাংলাদেশের প্রত্যন্ত, দুর্গম ও উপকূলীয় এলাকার বিভিন্ন জনপদ ও স্থাপনায় বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ এর মাধ্যমে টেলিযোগাযোগ সংযোগ স্থাপন" ব্যয়: ৬৩.৬৭ কোটি টাকা। জুলাই ২০২০-জুন ২০২২।	সভাপতি সরকারি বিধি-বিধান অনুসরণপূর্বক প্রকল্প বাস্তবায়ন করার জন্য নির্দেশনা দেন।	সরকারি বিধি-বিধান অনুসরণপূর্বক প্রকল্পের বাস্তবায়ন কাজ করতে হবে। বাস্তবায়ন: বিসিএসসিএল।

৭	“হাওড়, বাওর ও প্রত্যন্ত অঞ্চলের সুবিধাবঞ্চিত জনগোষ্ঠীর জন্য টেলিযোগাযোগ সুবিধা (Broadband Wifi) সম্প্রসারণ” (Breaking Digital Divide) ব্যয়ঃ৪৪৫৯৮৫.০০ লক্ষ টাকা এপ্রিল ২০২০-মার্চ-২০২৩ বিটিসিএল	প্রকল্প পরিচালক জানান যে, সুবিধাবঞ্চিত প্রত্যন্ত অঞ্চলসমূহে সশ্রমী মূল্যে উচ্চগতির ব্রড ব্যান্ড ইন্টারনেট সুবিধা নিশ্চিতকরণ এই প্রকল্পের মূল উদ্দেশ্য। প্রকল্পের অধীনে ঢাকায় একটি কেন্দ্রীয় কন্ট্রোল সেন্টার থাকবে যার যন্ত্রপাতি ক্রয়ের প্রক্রিয়া শুরু হয়েছে।	সরকারি বিধি-বিধান অনুসরণপূর্বক প্রকল্পের বাস্তবায়ন কাজ করতে হবে। বাস্তবায়নঃ বিটিসিএল
---	--	---	---

৬। সবুজ পাতায় অন্তর্ভুক্ত প্রস্তাবিত প্রকল্পঃ

ক্র ন ং	প্রকল্পের নাম, বাস্তবায়ন কাল	মন্তব্য	সিদ্ধান্ত
১	২	৩	৪
১	“বিটিসিএল’র বিদ্যমান অপটিক্যাল ফাইবার ক্যাবল নেটওয়ার্ক উন্নয়ন রিং টাইপ Network এ রূপান্তর” ১২৬৫.০০ কোটি টাকা জুলাই ২০১৭-জুন ২০২১।	২৩/০৩/২০২০ তারিখে অনুষ্ঠেয় পিইসি সভা স্থগিত করা হয়েছে।	পুনরায় পিইসি সভা আহ্বান করতে হবে। বাস্তবায়ন: পরিকল্পনা কমিশন।
২	“আপডেডেশন এন্ড এনহ্যান্সমেন্ট অব আইপি নেটওয়ার্ক অব” বিটিসিএল জুলাই ২০১৮-জুন ২০২১।	গত ২০/০১/২০২০ তারিখে পরিকল্পনা কমিশনে পিইসি সভা অনুষ্ঠিত হয়েছে।	পিইসি সভার সিদ্ধান্ত মোতাবেক ডিপিপি পুনর্গঠন করতে হবে। বাস্তবায়ন: ব্যবস্থাপনা পরিচালক, বিটিসিএল।
৩	“গ্রাম পর্যায়ে টেলিটকের 5G নেটওয়ার্ক সম্প্রসারণ” জুলাই ২০১৯-জুন ২০২১।	১১/০২/২০২০ তারিখে প্রকল্প প্রস্তাব একনেক সভায় উপস্থাপিত হয়েছে।	সম্ভাব্যতা যাচায়ের পাশাপাশি প্রকল্পটি বাস্তবায়নের নিমিত্ত ঋণ সহায়তা অনুসন্ধানের জন্য অর্থনৈতিক সম্পর্ক বিভাগে জরুরী ভিত্তিতে পত্র প্রেরণ করতে হবে।
৪	“ডাক পরিবহন ব্যবস্থা শক্তিশালীকরণ (২য় পর্যায়)”	প্রকল্প প্রণয়নের কাজ সংস্থায় চলমান রয়েছে।	প্রকল্প প্রস্তাবসমূহ দ্রুত পরিকল্পনা কমিশনে প্রেরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। বাস্তবায়ন: মহাপরিচালক, ডাক অধিদপ্তর।
৫	“অটোমেটিক পার্সেল সটিং সেন্টার ও ই-কমার্স হাব নির্মাণ”		
৬	“সাইবার সিকিউরিটি সেন্টার অফ এক্সিলেন্স স্থাপন এবং দেশের কম্পিউটার নেটওয়ার্কের সুরক্ষা প্রদান”	গত ১৩/০৩/২০২০ তারিখে ডিপিপি পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে।	পরিকল্পনা কমিশনে যোগাযোগ রাখতে হবে। বাস্তবায়ন: মহাপরিচালক, টেলিযোগাযোগ অধিদপ্তর।
৭	“টেলিফোন শিল্প সংস্থা আধুনিকায়ন, শক্তিশালীকরণ ও উৎপাদন/সংযোজন সক্ষমতা বৃদ্ধি”	গত ২০/০১/২০২০ তারিখে পরিকল্পনা কমিশনে পিইসি সভা অনুষ্ঠিত হয়েছে।	প্রকল্পের অর্থায়নের ধরন নির্ধারণের বিষয়ে অর্থ বিভাগে যোগাযোগ করতে হবে। বাস্তবায়ন: ব্যবস্থাপনা পরিচালক, টেশিস।
৮	Community Digital Hub. (সবুজ পাতায় অন্তর্ভুক্ত নয়)	প্রকল্প প্রস্তাব পরিকল্পনা কমিশন থেকে ফেরত দেয়া হয়েছে।	বিটিসিএল’র কার্যক্রমকে প্রাধান্য দিয়ে প্রকল্প প্রস্তাব পুনর্গঠন করতে হবে। বাস্তবায়ন: ব্যবস্থাপনা পরিচালক, বিটিসিএল।
৯	“বেজার’র আওতাধীন ৪টি অর্থনৈতিক অঞ্চলে টেলিযোগাযোগ নেটওয়ার্ক স্থাপন” (সবুজ পাতায় অন্তর্ভুক্ত নয়)।	গত ১২/০৭/২০২০ তারিখে পরিকল্পনা কমিশনে পিইসি সভা অনুষ্ঠিত হয়েছে।	সভার সিদ্ধান্ত মোতাবেক ডিপিপি প্রেরণ করতে হবে। বাস্তবায়ন: ব্যবস্থাপনা পরিচালক, বিটিসিএল।
১০	“দেশের তৃতীয় সাবমেরিন ক্যাবল স্থাপন” প্রকল্প। (সবুজ পাতায় অন্তর্ভুক্ত নয়)।	গত ১২/০৭/২০২০ তারিখে পরিকল্পনা কমিশনে পিইসি সভা অনুষ্ঠিত হয়েছে।	সভার সিদ্ধান্ত মোতাবেক ডিপিপি প্রেরণ করতে হবে। বাস্তবায়ন: ব্যবস্থাপনা পরিচালক, বিএসসিসিএল।

৭। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপনপূর্বক সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোস্তাফা জব্বার
মাননীয় মন্ত্রী

- ১) সিনিয়র সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
- ২) সচিব, অর্থ বিভাগ
- ৩) সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
- ৪) সদস্য, কার্যক্রম বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন
- ৫) চেয়ারম্যান, চেয়ারম্যান এর দপ্তর, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন
- ৬) অতিরিক্ত সচিব, অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) এর দপ্তর, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ
- ৭) অতিরিক্ত সচিব, অতিরিক্ত সচিব (টেলিকম) এর দপ্তর, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ
- ৮) অতিরিক্ত সচিব, অতিরিক্ত সচিব (ডাক)-এর দপ্তর, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ
- ৯) সহকারী পরিচালক, প্রধান (শিল্প ও শক্তি), বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
- ১০) প্রধান, ভৌত অবকাঠামো বিভাগ (প্রধান)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন
- ১১) সামাজিক কল্যাণ দায়বদ্ধতা তহবিল, আইইবি ভবন, রমনা, ঢাকা।
- ১২) মহাপরিচালক, মহাপরিচালক-এর দপ্তর, টেলিযোগাযোগ অধিদপ্তর
- ১৩) মহাপরিচালক, মহাপরিচালক এর দপ্তর, ডাক অধিদপ্তর
- ১৪) ব্যবস্থাপনা পরিচালক, টেলিটক বাংলাদেশ লিমিটেড
- ১৫) ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানী লিমিটেড (বিটিসিএল)
- ১৬) ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ সাবমেরিন ক্যাবল কোম্পানী লিমিটেড (বিএসসিসিএল)
- ১৭) ব্যবস্থাপনা পরিচালক, টেলিফোন শিল্প সংস্থা লিমিটেড
- ১৮) ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, বাংলাদেশ ক্যাবল শিল্প লিমিটেড
- ১৯) ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ কমিউনিকেশন স্যাটেলাইট কোম্পানি লিমিটেড
- ২০) পরিচালক, পরিচালক - ৮, প্রধানমন্ত্রীর কার্যালয়
- ২১) উপসচিব, নিরাপত্তা-২ শাখা, জননিরাপত্তা বিভাগ
- ২২) প্রকল্প পরিচালক, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (বিটিআরসি), আইইবি ভবন, রমনা, ঢাকা।
- ২৩) প্রকল্প পরিচালক, বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানী লিমিটেড (বিটিসিএল), ৩৭/ই, ইন্সটান গার্ডেন, ঢাকা।
- ২৪) প্রকল্প পরিচালক, টেলিযোগাযোগ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
- ২৫) প্রকল্প পরিচালক, বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানী লিমিটেড (বিটিসিএল), ৩৭ ই, ইন্সটান গার্ডেন, ঢাকা।
- ২৬) প্রকল্প পরিচালক, বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানী লিমিটেড (বিটিসিএল), ৩৭ ই, ইন্সটান গার্ডেন, ঢাকা।
- ২৭) প্রকল্প পরিচালক, বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানী লিমিটেড (বিটিসিএল), ৩৭-ই, ইন্সটান গার্ডেন, ঢাকা।
- ২৮) প্রকল্প পরিচালক, টেলিটক বাংলাদেশ লিমিটেড, সি.ই.এস(এ)-৩৯, রোড-১১৬, গুলশান-১, ঢাকা-১২১২।
- ২৯) প্রকল্প পরিচালক, টেলিটক বাংলাদেশ লিমিটেড, সি.ই.এস(এ)-৩৯, রোড-১১৬, গুলশান-১, ঢাকা-১২১২।
- ৩০) প্রকল্প পরিচালক, টেলিটক বাংলাদেশ লিমিটেড, সি.ই.এস(এ)-৩৯, রোড-১১৬, গুলশান-১, ঢাকা-১২১২।
- ৩১) প্রকল্প পরিচালক, ডাক অধিদপ্তর, ঢাকা।
- ৩২) প্রকল্প পরিচালক, ডাক অধিদপ্তর, ঢাকা।
- ৩৩) প্রকল্প পরিচালক, ডাক অধিদপ্তর, ঢাকা।
- ৩৪) প্রকল্প পরিচালক, ডাক অধিদপ্তর, ঢাকা।
- ৩৫) প্রকল্প পরিচালক, ডাক অধিদপ্তর, ঢাকা।
- ৩৬) প্রকল্প পরিচালক, বাংলাদেশ কমিউনিকেশন স্যাটেলাইট কোম্পানি লিমিটেড (বিসিএসসিএল), ঢাকা।
- ৩৭) সিনিয়র সহকারী পরিচালক, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (বিটিআরসি), আইইবি ভবন, রমনা, ঢাকা।
- ৩৮) প্রকল্প পরিচালক, বিসিসি, আইসিটি বিভাগ, ঢাকা।
- ৩৯) প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা (ডাক), সেগুন বাগিচা, ঢাকা।
- ৪০) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ
- ৪১) উপসচিব, প্রশাসন-২ শাখা, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ
- ৪২) সিনিয়র সহকারী প্রধান, পরিকল্পনা-৩ শাখা, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ
- ৪৩) একান্ত সচিব, সচিবের দপ্তর, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ
- ৪৪) ব্যক্তিগত কর্মকর্তা, অতিরিক্ত সচিব (নিরীক্ষা)-এর দপ্তর, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ
- ৪৫) ব্যক্তিগত কর্মকর্তা, যুগ্মপ্রধান-এর দপ্তর, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ

(Signature)

নাঈমুল আরা সুলতানা
সিনিয়র সহকারী প্রধান (অতিরিক্ত দায়িত্ব)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
ডাক ও টেলিযোগাযোগ বিভাগ
অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) এর দপ্তর
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

বিষয়: মাঠ পর্যায়ের চলমান উদ্ভাবনী প্রকল্প সমূহ সরেজমিনে পরিদর্শন প্রতিবেদন।

০৩-০৩-২০২০ তারিখে টেলিটক বাংলাদেশ লি: এর রংপুর কাস্টমার কেয়ার সেন্টার পরিদর্শন করা হয়। পরিদর্শন কালে আমার সাথে ডাক ও টেলিযোগাযোগ বিভাগের ইনোভেশন টিমের সদস্য জনাব বিদ্যুৎ চন্দ্র আইচ, উপ-সচিব (আইন) সহ টেলিটক বাংলাদেশ লি: এর মহাব্যবস্থাপক (আইটি এন্ড বিলিং) জনাব নুরুল মাবুদ চৌধুরী, বিটিসিএল এর প্রধান কর্মক্ষম জনাব তাজুল ইসলাম ডাক জীবন বীমা পশ্চিম অঞ্চলের জেনারেল ম্যানেজার জনাব শামসুল আলম এবং ডিপিএমজি জনাব প্রদীপ কুমার উপস্থিত ছিলেন।

পর্যবেক্ষন: ডাক ও টেলিযোগাযোগ বিভাগের আওতাধীন বিভিন্ন দপ্তর/সংস্থার মাঠ পর্যায়ের চলমান উদ্ভাবনী প্রকল্পসমূহ সরেজমিনে পরিদর্শন কার্যক্রমের অংশ হিসেবে টেলিটক বাংলাদেশ লি: এর রংপুর কাস্টমার কেয়ার চলমান উদ্ভাবনী প্রকল্প “কাস্টমার কেয়ারসমূহের মাধ্যমে যোগাযোগ স্থাপন ও ই-টিকিটিং ব্যবস্থা গ্রহণ” কার্যক্রম সম্পর্কে অবহিত হই। একটি Power Point Presentation এর মাধ্যমে টেলিটক বাংলাদেশ লি: এর কর্মকর্তাগণ কাস্টমার কেয়ার সংযোগ স্থাপনের Solution Diagram, Cost Comparison - এবং Benefit সমূহসহ এবং প্রকল্পের বাস্তবরূপ প্রদর্শন করেন। রংপুর কাস্টমার কেয়ার সেন্টারকে টেলিটক ডাটা সিম নেটওয়ার্কের মাধ্যমে সরাসরি টেলিটক এর সেন্ট্রাল আইটি নেটওয়ার্কের সাথে সংযোগ স্থাপন করে নিরিবিচ্ছিন্নভাবে কাস্টমার এর সকল সেবা প্রদান চালু করা হয়। উক্ত প্রকল্পটিতে একটি ফায়ারয়াল, ডাট সিম ব্যবহারযোগ্য একটি ওয়াইফাই রুটার এবং আইপিসেক ভিপিএন প্রযুক্তির ব্যবহার করা হয়। এ উদ্ভাবনের ফলে এনটিটিএন অপারেটরকে দেয় ব্যন্ডউইথ ভাড়া বাৎসরিক প্রায় পঞ্চাশ লক্ষ টাকা সাশ্রয় হবে। এ ছাড়াও সংযোগের ক্ষেত্রে এনটিটিএন অফারেটরের উপর নির্ভরতা থাকবে না অধিকন্তু রিডানডেন্সি ও নিরাপত্তা বৃদ্ধি পাবে। এছাড়াও পরিদর্শকালে টেলিটক কর্তৃক ইনহাউজ ডেভেলপড ই-টিকিটিং সিস্টেম এর কার্যক্রম অবহিত হই।

পরামর্শ: টেলিটকের এ উদ্যোগের প্রতি সন্তুষ্টি প্রকাশ করে তাদের গৃহীত কার্যক্রম বর্তমান সময়ের সঙ্গে সংগতিপূর্ণ বিধায় তাদের কার্যক্রমের ব্যাপকতা সম্প্রসারণে ঐকান্তিক প্রচেষ্টা চালানো এবং বর্তমান সরকারের ডিজিটাল বাংলাদেশ গঠনে নিবিড়ভাবে জনগণের সঙ্গে মিশে সেবার মান উন্নয়নে আন্তরিক ভূমিকা গ্রহণ করতে পরামর্শ প্রদান করা হয়। একই সাথে উপস্থিত এ বিভাগের সকল সংস্থার প্রতিনিধিকে নিজেদের মধ্যে বন্ধুত্বপূর্ণ সম্পর্ক অক্ষুণ্ন রেখে সরকারের একসাথে দলবদ্ধভাবে সরকারের গৃহীত কার্যক্রম গ্রহণে যত্নবান হবে মর্মে উপদেশ প্রদান করা হয়।

(মো: আজিজুল ইসলাম)
অতিরিক্ত সচিব

সদয় জ্ঞাতার্থে:

সচিব

ডাক ও টেলিযোগাযোগ বিভাগ

সংস্থান করা

২৭/৩/২০২০


২৭/৩

নং- ১৪.০০.০০০০.২৪.২৫.০১.২০-২১

তারিখ: ২২/০৩/২০২০খ্রি:

বিতরণ: সদয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। মহাপরিচালক, ডাক অধিদপ্তর, ডাক ভবন, ঢাকা।
- ২। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানী লি:, ঢাকা।
- ৩। ব্যবস্থাপনা পরিচালক টেলিটক বাংলাদেশ লি:, বাড়ি নং-৩৯, রোড নং-১১৬, গুলশান-১, ঢাকা।
- ৪। জনাব শামসুল আলম, জেনারেল ম্যানেজার, ডাক জীবন বীমা, পশ্চিম অঞ্চল, রংপুর।
- ৫। ডেপুটি পোস্ট মাস্টার জেনারেল, রংপুর।
- ৬। ডেপুটি জেনারেল ম্যানেজার, টেলিটক বাংলাদেশ লি:, রংপুর।
- ৭। মহাব্যবস্থাপক, বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানী লি: (বিটিসিএল), রংপুর।
- ✓ ৮। যুগ্ম-সচিব (প্রশাসন), ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৯। সচিব এর একান্ত সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।


(বিদ্যুৎ চন্দ্র আইচ)
উপসচিব (আইন)

ডাক অধিদপ্তরের “জরাজীর্ণ ডাকঘরসমূহের নির্মাণ/ পুনর্বাসন (২য় পর্যায়)” শীর্ষক প্রকল্প পরিদর্শন প্রতিবেদন।

প্রকল্পের নাম	:	“জরাজীর্ণ ডাকঘরসমূহের নির্মাণ/ পুনর্বাসন (২য় পর্যায়)”
প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা	:	ডাক অধিদপ্তর
প্রাক্কলিত ব্যয়	:	২২৫.০০ কোটি টাকা
প্রকল্পের মেয়াদ	:	০১ জুলাই, ২০১৭ হতে ৩০ জুন, ২০২১ পর্যন্ত
পরিদর্শনের তারিখ	:	১২/০১/২০২০
২০১৯-২০২০ অর্থ বছরে এডিপিতে বরাদ্দ ও ব্যয়	:	২০.০০ কোটি টাকা ও ০.০৫ কোটি টাকা
ক্রমপঞ্জিত আর্থিক অগ্রগতি	:	২৪.৪০ কোটি টাকা

গত ১২/০১/২০২০ খ্রিঃ তারিখ ডাক অধিদপ্তরের “জরাজীর্ণ ডাকঘরসমূহের নির্মাণ/ পুনর্বাসন (২য় পর্যায়)” শীর্ষক প্রকল্পের অন্তর্ভুক্ত চট্টগ্রামের বন্দর ডাকঘর পরিদর্শন করি। পরিদর্শনকালে ডিপিএমজি, চট্টগ্রাম ও বন্দর ডাকঘরের কর্মকর্তা/কর্মচারীরা উপস্থিত ছিলেন।

পরিদর্শনের পর্যবেক্ষণ নিম্নরূপঃ

১। চট্টগ্রামের বন্দর ডাকঘরটি পরিদর্শনে দেখা যায় যে, ছাদের প্লাস্টার খসে খসে পড়ছে। কর্মকর্তা-কর্মচারীরাও সেবাগ্রহীতার জীবন বিপদাপন্ন। যে কোন সময়ে মারাত্মক দুর্ঘটনা ঘটে পারে। ডাকঘরটির পুনঃনির্মাণের কাজ অগ্রাধিকার ভিত্তিতে আরম্ভ করা প্রয়োজন।


সুপারিশঃ

- ১। বন্দর ডাকঘরটির পুনঃনির্মাণ কাজ অগ্রাধিকার ভিত্তিতে আরম্ভ করতে হবে।
- ২। নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পের যাবতীয় কাজ শেষ করতে হবে।
- ৩। প্রকল্পের গুণগত মান বজায় রাখার জন্য প্রকল্প পরিচালক কর্তৃক মনিটরিং ব্যবস্থা জোরদার করতে হবে।
- ৪। প্রকল্প বাস্তবায়ন থেকে সর্বাধিক সুবিধা লাভের জন্য বাস্তবায়ন কাজে ডাক অধিদপ্তরের স্থানীয় কর্মকর্তাদের মতামত নিতে হবে।

স্মারক নং- ১৪.০০.০০০০.০২৩.১৬.০০১.০৭

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিতরণঃ

- ১। মহাপরিচালক, ডাক অধিদপ্তর, ঢাকা।
- ২। প্রকল্প পরিচালক, “জরাজীর্ণ ডাকঘরসমূহের নির্মাণ/ পুনর্বাসন (২য় পর্যায়)”, ডাক অধিদপ্তর, ঢাকা।
- ৩। পোস্ট মাস্টার জেনারেল, চট্টগ্রাম অঞ্চল, খুলনা।
- ৪। উপসচিব (প্রশাসন-১), ডাক ও টেলিযোগাযোগ বিভাগ।
- ৫। সচিবের একান্ত সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ।
- ৬। সিনিয়র সহকারী প্রধান, পরিকল্পনা-৩, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ।
- ৭। অফিস কপি।


(মোঃ মুসলেহ উদ্দিন)
যুগ্ম প্রধান
ফোন: ৯৫১৪৪১৫



ডাক ও টেলিযোগাযোগ বিভাগ
POSTS & TELECOMMUNICATIONS DIVISION

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
ডাক ও টেলিযোগাযোগ বিভাগ
পরিকল্পনা অনুবিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.ptd.gov.bd



টেলিটক বাংলাদেশ লিঃ এর “৩ জি প্রযুক্তি চালুকরণ ও ২.৫ জি নেটওয়ার্ক সম্প্রসারণ(ফেজ-২)” শীর্ষক প্রকল্প পরিদর্শন প্রতিবেদন।

প্রকল্পের নাম	:	“৩ জি প্রযুক্তি চালুকরণ ও ২.৫ জি নেটওয়ার্ক সম্প্রসারণ(ফেজ-২)”
প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা	:	টেলিটক বাংলাদেশ লিঃ
প্রাক্কলিত ব্যয়	:	৭৭৮.৮৫ কোটি টাকা
প্রকল্পের মেয়াদ	:	০১ এপ্রিল, ২০১৭ হতে জুন, ২০২০
পরিদর্শনের তারিখ	:	১২/০১/২০২০
২০১৯-২০২০ অর্থ বছরে এডিপিতে বরাদ্দ ও ব্যয়	:	৩৫০.০০ কোটি টাকা ও ২৭৪.২০ কোটি টাকা
ক্রমপূঞ্জিত আর্থিক অগ্রগতি	:	৫৬৫.১৮ কোটি টাকা

গত ১২/০১/২০২০ খ্রিঃ তারিখ টেলিটক বাংলাদেশ লিঃ এর “৩ জি প্রযুক্তি চালুকরণ ও ২.৫ জি নেটওয়ার্ক সম্প্রসারণ(ফেজ-২)” শীর্ষক প্রকল্প কন্সল্টাংগের কার্যক্রম বেলা ১১.০০ ঘটিকায় পরিদর্শন করি। পরিদর্শনকালে জেনারেল ম্যানেজার, ঢাকা, টেলিটক বাংলাদেশ লিঃ ও প্রকল্প বাস্তবায়নকারী কর্মকর্তা/কর্মচারীগণ উপস্থিত ছিলেন।

পরিদর্শনের পর্যবেক্ষণ নিম্নরূপঃ

প্রকল্পের আওতায় ২জি, ৩জি ও ৪জি এর নোট - এ, বি ও ই এর ৫০০টি টাওয়ার সমগ্র বাংলাদেশে স্থাপিত হবে। ৩০০টি টাওয়ার সিয়োরিং এর মাধ্যমে ও ২০০টি টাওয়ার প্রকল্পের আওতায় টেলিটক কর্তৃক এককভাবে নির্মিত হবে। টাওয়ার নির্মাণের কাজ প্রায় সমাপ্তির পথে। ১৭ মার্চ, ২০২০ এর পূর্বে প্রকল্পের যাবতীয় কাজ শেষ হবে বলে প্রকল্প পরিচালকসহ সংশ্লিষ্ট কর্মকর্তাগণ জানিয়েছেন। এ ছাড়াও এ প্রকল্পের আওতায় সমগ্র বাংলাদেশে ১০টি Customer Experience Center নির্মাণ করা হবে। এর মধ্যে ০৬টি নির্মাণ কাজ শেষ হয়েছে। বাকী ০৪ টি এর কাজ চলমান রয়েছে। কন্সল্টাংগের নির্মিত Customer Experience Center টি বিটিএলসি এর আঙ্গিনায় স্থাপন করা হয়েছে। সদ্য নির্মিত সেন্টারটির সাজ-সজ্জা দৃষ্টিনন্দন হয়েছে। তবে সেন্টারের প্রবেশ পথটি সেন্টারের সৌন্দর্যের সাথে মানানসই নয়। তাই এ বিষয়ে টেলিটকের নজর দেওয়া প্রয়োজন। সেন্টারে অবস্থানকালে আধাঘণ্টার মধ্যে ৩০-৩৫ কিঃমিঃ দূর থেকে ০৪ জন গ্রাহক সেবা নেওয়ার জন্য উপস্থিত হয়েছে। স্বাক্ষরকারে তাহারা টেলিটক সম্পর্কে ইতিবাচক মনোভাব পোষণ করেছেন।


সুপারিশঃ

- ১। কন্সল্টাংগের সদ্য নির্মিত Customer Experience Center এর প্রবেশ পথটির সৌন্দর্য বৃদ্ধি করতে হবে। গ্রাহকদের দৃষ্টি আকর্ষণ করার জন্য প্রবেশ পথে স্থায়ী বিজ্ঞাপনের ব্যবস্থা করতে হবে।
- ২। ১৭ মার্চ, ২০২০ এর পূর্বে টাওয়ার স্থাপন ও সেন্টার নির্মাণের যাবতীয় কাজ শেষ করতে হবে।
- ৩। প্রকল্পের গুণগত মান বজায় রাখার জন্য প্রকল্প পরিচালক কর্তৃক মনিটরিং ব্যবস্থা জোরদার করতে হবে।
- ৪। প্রকল্পে যেসব যন্ত্রপাতি স্থাপন করা হয়েছে সেগুলো বিশেষজ্ঞ কমিটি কর্তৃক গ্রহণ করতে হবে।

স্মারক নং-১৪.০০.০০০০.০২৩.১৬.০০১.১৯-০৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিতরণঃ

- ১। ব্যবস্থাপনা পরিচালক, টেলিটক বাংলাদেশ লিমিটেড, ঢাকা।
- ২। প্রকল্প পরিচালক, “৩ জি প্রযুক্তি চালুকরণ ও ২.৫ জি নেটওয়ার্ক সম্প্রসারণ(ফেজ-২)”, ঢাকা।
- ৩। উপসচিব (প্রশাসন-১), ডাক ও টেলিযোগাযোগ বিভাগ।
- ৪। সচিবের একান্ত সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ।
- ৫। সিনিয়র সহকারী প্রধান, পরিকল্পনা-৩, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ।
- ৬। অফিস কপি।


(মোঃ মুসলেহ উদ্দিন)
যুগ্ম প্রধান
ফোন: ৯৫১৪৪১৫



ডাক ও টেলিযোগাযোগ বিভাগ
POSTS & TELECOMMUNICATIONS DIVISION

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
ডাক ও টেলিযোগাযোগ বিভাগ
পরিকল্পনা উইং
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.ptd.gov.bd



বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানি লিমিটেড বিটিসিএল এর “ডিজিটাল সংযোগের জন্য টেলিকমিউনিকেশন নেটওয়ার্ক আধুনিকীকরণ (MoTN)” শীর্ষক প্রকল্প পরিদর্শন প্রতিবেদন।

প্রকল্পের নাম	:	“ডিজিটাল সংযোগের জন্য টেলিকমিউনিকেশন নেটওয়ার্ক আধুনিকীকরণ (MoTN)”
প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা	:	বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানি লিমিটেড (বিটিসিএল)
প্রাক্কলিত ব্যয়	:	২৫৭৩৩৯.৫৬ লক্ষ টাকা
প্রকল্পের মেয়াদ	:	জুলাই, ২০১৭ হতে জুন, ২০২০
পরিদর্শনের তারিখ	:	১২/০১/২০২০
২০১৯-২০২০ অর্থ বছরে এডিপিতে বরাদ্দ ও ব্যয়	:	১০৭০০০.০০ লক্ষ টাকা ও ১৭২৪৫.০০ লক্ষ টাকা।
ক্রমপূঞ্জিত আর্থিক অগ্রগতি	:	৯৪,৫৪৩.০০ লক্ষ টাকা

গত ১২/০১/২০২০ খ্রিঃ তারিখ বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানি লিমিটেড (বিটিসিএল) এর “ডিজিটাল সংযোগের জন্য টেলিকমিউনিকেশন নেটওয়ার্ক আধুনিকীকরণ (MoTN)” শীর্ষক প্রকল্পের চট্টগ্রামের কার্যক্রম পরিদর্শন করি। পরিদর্শনকালে ডিপিপি সহ প্রকল্প বাস্তবায়নকারী কর্মকর্তা/কর্মচারীগণ উপস্থিত ছিলেন।

পরিদর্শনের পর্যবেক্ষণ নিম্নরূপঃ

১। “ডিজিটাল সংযোগের জন্য টেলিকমিউনিকেশন নেটওয়ার্ক আধুনিকীকরণ (MoTN)” প্রকল্পের আওতায় চট্টগ্রামের নন্দন কামন ও আগ্রাবাদে সাইট পরিদর্শন করা হয়। নন্দন কামানে IMS সহ যন্ত্রপাতি স্থাপনের কাজ সমাপ্ত হয়েছে। উক্ত কেন্দ্র ভূগর্ভস্থ কেবল স্থাপনের কাজ চলমান রয়েছে। আগ্রাবাদ সাইটে যন্ত্রপাতি স্থাপনের প্রস্তুতি চলছে। আলোচনায় জানা যায় যে, GIPON সার্ভিসের ধারণা অনুযায়ী একটি লাইনের মাধ্যমে তিনটি সার্ভিস (টেলিফোন, ইন্টারনেট ও ডিস) দেয়ার কথা। কিন্তু ডিস সার্ভিস এ পর্যায়ে দেয়া সম্ভব হচ্ছেনা। GIPON সার্ভিস পরিপূর্ণভাবে কার্যকর করার জন্য ডিস সেবাটি জরুরী ভিত্তিতে অন্তর্ভুক্ত হওয়া প্রয়োজন।

২। বিটিসিএল এর বিদ্যমান জনবল যাদেরকে পরবর্তীতে (MoTN) এর অপারেশনের দায়িত্ব দেয়া হবে তাদেরকে প্রকল্পের বাস্তবায়নের প্রতিটি পর্যায়ে সম্পৃক্ত করা প্রয়োজন।

সুপারিশঃ

১। ডিস সার্ভিস GIPON এ অন্তর্ভুক্ত হওয়া প্রয়োজন।

২। বিটিসিএল এর বিদ্যমান জনবলকে প্রকল্প বাস্তবায়নে সম্পৃক্ত করতে হবে।

৩। প্রকল্পের গুণগত মান বজায় রাখার জন্য প্রকল্প পরিচালক কর্তৃক মনিটরিং ব্যবস্থা জোরদার করতে হবে।

৪। প্রকল্পে যেসব যন্ত্রপাতি স্থাপন করা হয়েছে সেগুলো বিশেষজ্ঞ কমিটি কর্তৃক গ্রহণ করতে হবে।

স্মারক নং-১৪.০০.০০০০.০২৩.১৬.০০১.১৯-০৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিতরণঃ

১। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানি লিমিটেড, ঢাকা।


২। প্রকল্প পরিচালক, “ডিজিটাল সংযোগের জন্য টেলিকমিউনিকেশন নেটওয়ার্ক আধুনিকীকরণ (MoTN)” ঢাকা।

৩। উপসচিব (প্রশাসন-১), ডাক ও টেলিযোগাযোগ বিভাগ।

৪। সচিবের একান্ত সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ

৫। সিনিয়র সহকারী প্রধান, পরিকল্পনা-৩, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ।

৬। অফিস কপি।


(মোঃ মুসলেহ উদ্দিন)
যুগ্ম প্রধান
ফোন: ৯৫১৪৪১৫

স্মারক নং - ১৪.০০.০০০০.০২৩.১৬.০০১.১৯-২৪

তারিখঃ ১০/১২/২০১৯ খ্রিঃ

বিষয়ঃ ডাক ও টেলিযোগাযোগ বিভাগের আওতাধীন বিভিন্ন অধিদপ্তর, দপ্তর, সংস্থা ও কোম্পানিসমূহের মাঠ পর্যায়ের কার্যক্রমের তত্ত্বাবধান, তদারকি ও সমন্বয়ের লক্ষ্যে পরিদর্শন প্রতিবেদন।

গত ৬-৭ ডিসেম্বর, ২০১৯ তারিখে ডাক ও টেলিযোগাযোগ বিভাগের আওতাধীন বরগুনা জেলার পোস্টাল ও বিটিসিএল এর কর্মকর্তা/কর্মচারীদের সাথে সকাল ০৯.০০টা-৫.০০ টা পর্যন্ত মতবিনিময় সভা করি। সভায় এ বিভাগ কর্তৃক ৩০/০৬/২০১৯ তারিখে জারিকৃত অফিস আদেশের আলোকে বাংলাদেশ সরকারের চলমান বিভিন্ন কার্মকাণ্ড/কর্মসূচির সংক্ষিপ্ত পরিচিতি তুলে ধরা হয় এবং একই সাথে কর্মকর্তা/কর্মচারীদের করণীয় সম্পর্কে পরামর্শ প্রদান করা হয়।


২.০	:	মাঠ পর্যায়ে ডাকঘরসমূহের সমস্যাসমূহঃ
২.১	:	ডাক বিভাগের কিছু কিছু কর্মকর্তা/কর্মচারীদের জন্য নির্ধারিত আবাসিক বাসভবন রয়েছে। এগুলো বসবাসের অনুপযোগী বিধায় তারা সেখানে বসবাস করেনা বলে জানিয়েছেন। তথাপি তাদের বেতন থেকে নির্ধারিত হারে হাউজ রেন্ট কর্তন করা হয়, যা খুবই অমানবিক। বিষয়টি ডাক অধিদপ্তর নিজেই সুরাহা করতে পারে।
২.২	:	ডাক বিভাগের সদর, জোনাল ও মাঠ পর্যায়ে সমন্বয় সভাগুলো নিয়মিত হচ্ছে না। নিয়মিত সমন্বয় সভার মাধ্যমে অনেক সমস্যার সমাধান করা সম্ভব।
২.৩	:	বরগুনা সদর পোস্ট অফিসে ক্যাশ বহনে গাড়ীর সুবিধা দেয়া প্রয়োজন।
২.৪	:	অধিকাংশ জেলায় ডাকঘরসমূহে তৃতীয় শ্রেণীর পদমর্যাদায় একজন কর্মকর্তা পোস্টমাস্টার জেনারেল হিসেবে কর্মরত রয়েছেন। সব কয়টি জেলা ডাকঘরের পোস্টমাস্টার জেনারেল এর পদটি ১ম শ্রেণীতে এবং উপজেলায় তা ২য় শ্রেণীতে উন্নীত করা যেতে পারে।
২.৫	:	তৃতীয় ও চতুর্থ শ্রেণির কর্মচারীগণকে ওভার টাইম হিসেবে দৈনিক ৩০ টাকা দেয়া হয়। তা বিদ্যমান বাজার দরে অত্যধিক কম বিধায় বৃদ্ধি করা প্রয়োজন।
২.৬	:	বরগুনা সদরসহ অন্যান্য উপজেলায় জনবলের স্বল্পতা রয়েছে বলে জানা গেছে। খুলনা সার্কেলের আওতায় চলমান জনবল নিয়োগের কার্যক্রম ত্বরান্বিত করতে হবে।
২.৭	:	পোস্ট ই- সেন্টার এর আওতায় নগদ অর্থ স্থানান্তরের কার্যক্রম চালু নেই। এ সেন্টারের আওতায় যেসব ফার্ণিচার মাঠে যাচ্ছে তা মানসম্মত নয়।
৩.০	:	বিটিসিএল এর সমস্যাসমূহঃ
৩.১	:	বিটিসিএল এর অপটিক্যাল ফাইবার প্রতিনিয়ত প্রাইভেট অপারেটর, সিটি কর্পোরেশন, পৌরসভা এবং সড়ক ও জনপদ অধিদপ্তর কর্তৃক কাটা যাচ্ছে। ফলে তাদের সার্ভিস টিকিয়ে রাখা খুবই কষ্টকর হয়ে পড়ছে।

৩.২	: প্রযুক্তির দ্রুত পরিবর্তনের ফলে নতুন প্রযুক্তির সাথে বিটিসিএল নিজেকে খাপ খাওয়াতে পারছে না। তাই বিদ্যমান জনবলের প্রশিক্ষণ প্রয়োজন। এ ছাড়া মাঠ পর্যায়ে নতুন জনবল নিয়োগ করা প্রয়োজন।
৩.০	: সুপারিশসমূহঃ বর্ণিত সমস্যাগুলো স্ব-স্ব অধিদপ্তর কর্তৃক নিরসনে উদ্যোগ গ্রহণ করতে পারে।

সচিব

ডাক ও টেলিযোগাযোগ বিভাগ,

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।


(মোঃ মুসলেহ উদ্দিন)

যুগ্মপ্রধান

ডাক ও টেলিযোগাযোগ বিভাগে।

ফোন-৯৫১৪৪১৫

বিতরণঃ

১. মহাপরিচালক, ডাক অধিদপ্তর, ডাক ভবন, ঢাকা।

২. ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ টেলিকমিউনিকেশন কোম্পানি লিমিটেড, ৩৭/ই, ইক্সটেন গার্ডেন, ঢাকা।

৩. পোস্টমাস্টার জেনারেল, খুলনা অঞ্চল।


৩১/১০/১৫





গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
ডাক ও টেলিযোগাযোগ বিভাগ।
পরিকল্পনা অনুবিভাগ।
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.ptd.gov.bd



স্মারক নং-১৪.০০.০০০০.০২৩.১৬.০০১.১৯-১৯

তারিখঃ ২১/১১/২০১৯খ্রিঃ


বিষয়ঃ ডাক ও টেলিযোগাযোগ বিভাগের আওতাধীন বিভিন্ন অধিদপ্তর, দপ্তর, সংস্থা ও কোম্পানিসমূহের মাঠ পর্যায়ের কার্যক্রমের তত্ত্বাবধান, তদারকি ও সমন্বয়ের লক্ষ্যে পরিদর্শন প্রতিবেদন।

গত ১৬-১৮ নভেম্বর, ২০১৯ তারিখে ডাক অধিদপ্তরের আওতাধীন পটুয়াখালী জেলার পোস্টাল, বিটিসিএল ও বাংলাদেশ সাবমেরিণ ক্যাবল কোম্পানি লিঃ (বিএসসিসিএল) কর্মকর্তা/কর্মচারীদের সাথে মতবিনিময় সভা করা। সভায় এ বিভাগ কর্তৃক ৩০/০৬/২০১৯ তারিখে জারিকৃত অফিস আদেশের আলোকে বাংলাদেশ সরকারের চলমান বিভিন্ন কর্মকাণ্ড/কর্মসূচির সংক্ষিপ্ত পরিচিতি তুলে ধরা হয় এবং একই সাথে কর্মকর্তা/কর্মচারীদের করণীয় সম্পর্কে পরামর্শ প্রদান করা হয়।

২.০	:	<u>মাঠ পর্যায়ে ডাকঘরসমূহের সমস্যাসমূহ</u>
২.১	:	প্রকল্প গ্রহণে মাঠপর্যায়ের কর্মকর্তাদের মতামত নেওয়া যেতে পারে এবং প্রকল্প বাস্তবায়নে তাদেরকে আরো সম্পৃক্ত করা যেতে পারে।
২.২	:	ডিজিটাল পোস্ট অফিসে প্রদানকৃত ল্যাপটপ/কম্পিউটারগুলো ব্যবহার করতে গিয়ে ছোটখাটো সমস্যা দেখা দিলে তা সমাধানের জন্য কোন টেকনিশিয়ান নেই। এ সমস্যা সমাধানের জন্য জেলা/বিভাগীয় পর্যায়ে একজন স্থায়ী টেকনিশিয়ান নিয়োগের ব্যবস্থা করা যেতে পারে।
২.৩	:	কর্মকর্তাদের পদোন্নতির বিষয়ে ডাক অধিদপ্তরে মনোযোগ দিতে হবে।
২.৪	:	শূন্য পদে জরুরীভিত্তিতে লোক নিয়োগের ব্যবস্থা করতে হবে।
২.৫	:	সব জেলা পোস্ট অফিসে ১ম শ্রেণীর কর্মকর্তা ও উপজেলা পর্যায়ে ২য় শ্রেণীর কর্মকর্তা পদায়নের উদ্যোগ গ্রহণ করতে হবে।
২.৬	:	ডাক অধিদপ্তর কর্তৃক ৩/৬ মাস ব্যাপী কম্পিউটার প্রশিক্ষণ দেওয়া হয়। কিন্তু প্রশিক্ষণ কারীকুলাম কারিগরী শিক্ষা বোর্ড কর্তৃক অনুমোদিত নয় তাই প্রশিক্ষার্থীরা চাকুরী ক্ষেত্রে প্রশিক্ষণ সনদ ব্যবহার করতে পারছে না। ফলে প্রশিক্ষার্থীর সংখ্যা দিন দিন কমে যাচ্ছে।
৩.০	:	<u>বিটিসিএল এর সমস্যাসমূহ</u>
৩.১	:	বিটিসিএল এর অপটিক্যাল ফাইবার প্রতিনিয়ত প্লাইভেট অপারেটর, সিটি কর্পোরেশন, পৌরসভা এবং সড়ক ও জনপদ অধিদপ্তর কর্তৃক কাটা যাচ্ছে। ফলে তাদের সার্ভিস টিকিয়ে রাখা খুবই কষ্টকর হয়ে পড়ছে।
৩.২	:	প্রযুক্তির দ্রুত পরিবর্তনের ফলে নতুন প্রযুক্তির সাথে বিটিসিএল নিজে থেকে খাপ খাওয়াতে পারছে

	না। তাই প্রশিক্ষণের প্রয়োজনীয়তা রয়েছে।
৩.৩	: লাইন রেইট বিভাগ/জেলা ও উপজেলা পর্যায়ে পার্থক্য থাকা উচিত।
৪.০	: <u>বাংলাদেশ সাবমেরিন ক্যাবল কোম্পানি লিঃ (বিএসসিসিএল)</u>
৪.১	: KPI এ BSCCL এর মর্যাদা ১ম শ্রেণীতে উন্নীত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
৪.২	: কুমারগাটা প্রধান সড়ক থেকে BSCCL কে সংযোগকারী সড়কটি জরুরীভিত্তিতে সংস্কারের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।
৫.০	: সুপারিশসমূহঃ বর্ণিত সমস্যাগুলো স্ব-স্ব অধিদপ্তর কর্তৃক নিরসনে উদ্যোগ গ্রহণ করতে পারে।

সচিব
ডাক ও টেলিযোগাযোগ বিভাগ,
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।



(মোঃ মুসলেহ উদ্দিন)
যুগ্ম প্রধান
ডাক ও টেলিযোগাযোগ বিভাগ।
ফোন-৯৫১৪৪১৫;

বিতরণঃ

১. মহাপরিচালক, ডাক অধিদপ্তর, ডাক ভবন, ঢাকা।
২. ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানি লিমিটেড, ৩৭/ই, ইফ্রাটন গার্ডেন, ঢাকা।
৩. ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ সাবমেরিন ক্যাবল কোম্পানি লিঃ, রহমানস্ রেগনাম সেন্টার (৮ম ও ৯ম তলা) ১৯১, তেজগাঁও-গুলশান লিংক রোড, ঢাকা-১২০৮।
৪. পোস্টমাস্টার জেনারেল, খুলনা অঞ্চল।



(৩)


21-11-19



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
ডাক ও টেলিযোগাযোগ বিভাগ।
পরিকল্পনা উইং।
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.ptd.gov.bd



টেলিটক বাংলাদেশ লিঃ এর “৩ জি প্রযুক্তি চালুকরণ ও ২.৫ জি নেটওয়ার্ক সম্প্রসারণ(ফেজ-২)” শীর্ষক প্রকল্প পরিদর্শন প্রতিবেদন।

প্রকল্পের নাম	: “৩ জি প্রযুক্তি চালুকরণ ও ২.৫ জি নেটওয়ার্ক সম্প্রসারণ(ফেজ-২)”
প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা	: টেলিটক বাংলাদেশ লিঃ
প্রাক্কলিত ব্যয়	: ৬৭৫.৮১৪৮ কোটি টাকা (জিওবি ৬০৭৭৯.৩৭ এবং সংস্থার নিজস্ব ৬৮০২.১১)
প্রকল্পের মেয়াদ	: ০১ এপ্রিল, ২০১৭ হতে ৩১ ডিসেম্বর, ২০১৯
পরিদর্শনের তারিখ	: ২৯/১০/২০১৯ মঙ্গলবার
২০১৯-২০২০ অর্থ বছরে এডিপিতে বরাদ্দ ও ব্যয়	: ৩৫০.০০ কোটি টাকা ও ২৬৭.৩২২১ কোটি টাকা
ক্রমপঞ্জিত আর্থিক অগ্রগতি	: ৪৮৫.৮৮ কোটি টাকা

গত ২৯/১০/২০১৯ খ্রিঃ তারিখ টেলিটক বাংলাদেশ লিঃ এর “৩ জি প্রযুক্তি চালুকরণ ও ২.৫ জি নেটওয়ার্ক সম্প্রসারণ(ফেজ-২)” শীর্ষক প্রকল্প চট্টগ্রামের কার্যক্রম বেলা ১০.৩০ ঘটিকায় পরিদর্শন করি। পরিদর্শনকালে জেনারেল ম্যানেজার, চট্টগ্রাম, টেলিটক বাংলাদেশ লিঃ ও প্রকল্প বাস্তবায়নকারী কর্মকর্তা/কর্মচারীগণ উপস্থিত ছিলেন।

পরিদর্শনের পর্যবেক্ষণ নিম্নরূপঃ


প্রকল্পের আওতায় ২জি, ৩জি ও ৪জি এর বিটিএস -এ নোট-বি ও ই-নোট-বি ৫০০ টি টাওয়ার সমগ্র বাংলাদেশে স্থাপিত হবে। এর মধ্যে ৩০০টি সেয়ারিং এর মাধ্যমে ও ২০০ টি এককভাবে স্থাপন করা হবে। যার মধ্যে ২৮ টি হবে চট্টগ্রামে। ইতোমধ্যে চট্টগ্রামে ১২টি বিটিএস এ টাওয়ার স্থাপনের কাজ শেষ হয়েছে। অবশিষ্ট ১৬ টি ডিসেম্বর, ২০১৯ স্থাপন করা হবে বলে প্রকল্প পরিচালক সংশ্লিষ্ট কর্মকর্তাগণ জানিয়েছেন। এছাড়াও এ প্রকল্পের আওতায় সমগ্র বাংলাদেশে ১০ টি Customer Experience Center নির্মাণ করা হবে। গত ২৯/১০/২০১৯ তারিখে চট্টগ্রামে ১ টি Customer Experience Center উদ্বোধন ও চালু করা হয়।

সুপারিশঃ

- ১। নির্ধারিত সময়ের মধ্যে টাওয়ার স্থাপন ও সেন্টার নির্মাণের যাবতীয় কাজ শেষ করতে হবে।
- ২। প্রকল্পের গুণগত মান বজায় রাখার জন্য প্রকল্প পরিচালক কর্তৃক মনিটরিং ব্যবস্থা জোরদার করতে হবে।
- ৩। প্রকল্পে যেসব যন্ত্রপাতি স্থাপন করা হবে সেগুলো বিশেষজ্ঞ কমিটি কর্তৃক গ্রহণ করতে হবে।

স্মারক নং-১৪.০০.০০০০.০২৩.১৬.০০১.১৯-১৮

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিতরণঃ


(মোঃ মুসলেহ উদ্দিন)


যুগ্ম প্রধান

ফোন: ৯৫১৪৪১৫


- ১। ব্যবস্থাপনা পরিচালক, টেলিটক বাংলাদেশ লিমিটেড, ঢাকা।
- ২। প্রকল্প পরিচালক, “৩ জি প্রযুক্তি চালুকরণ ও ২.৫ জি নেটওয়ার্ক সম্প্রসারণ(ফেজ-২)”, ঢাকা।
- ৩। উপসচিব (প্রশাসন-১), ডাক ও টেলিযোগাযোগ বিভাগ।
- ৪। সচিবের একান্ত সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ
- ৫। সিনিয়র সহকারী প্রধান, পরিকল্পনা-৩, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ।
- ৬। ব্যক্তিগত কর্মকর্তা, যুগ্ম প্রধান এর দপ্তর, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ।



সে/ক









গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
ডাক ও টেলিযোগাযোগ বিভাগ।
পরিকল্পনা অনুবিভাগ।
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.ptd.gov.bd

সংযুক্তি-৪



স্মারক নং ১৪.০০.০০০০.০২৩.১৬.০০১.১৯-০৯

তারিখঃ ২২/০৯/২০১৯ খ্রি

বিষয়ঃ ডাক ও টেলিযোগাযোগ বিভাগের আওতাধীন বিভিন্ন অধিদপ্তর, দপ্তর, সংস্থা ও কোম্পানিসমূহের মাঠ পর্যায়ের কার্যক্রমের তত্ত্বাবধান, তদারকি ও সমন্বয়ের লক্ষ্যে পরিদর্শন প্রতিবেদন।

গত ২১/০৯/২০১৯ তারিখে পিরোজপুর জেলার পোস্টাল ও বিটিসিএল কর্মকর্তা/কর্মচারীদের সাথে সকাল ০৯.০০টা-৫.০০ টা পর্যন্ত মতবিনিময় সভা করি। সভায় এ বিভাগ কর্তৃক ৩০/০৬/২০১৯ তারিখে জারিকৃত অফিস আদেশের আলোকে বাংলাদেশ সরকারের চলমান বিভিন্ন কর্মকাণ্ড/কর্মসূচির সংক্ষিপ্ত পরিচিতি তুলে ধরা হয় এবং একই সাথে কর্মকর্তা/কর্মচারীদের করণীয় সম্পর্কে পরামর্শ প্রদান করা হয়।

২.০	:	মাঠ পর্যায়ে ডাকঘরসমূহের সমস্যাসমূহঃ
২.১	:	ডাক বিভাগের কিছু কিছু কর্মকর্তা/কর্মচারীদের জন্য নির্ধারিত আবাসিক বাসভবন রয়েছে। এগুলো বসবাসের অনুপযোগী বিধায় তারা সেখানে বসবাস করেনা বলে জানিয়েছেন। তথাপি তাদের বেতন থেকে নির্ধারিত হারে হাউজ রেন্ট কর্তন করা হয়, যা খুবই অমানবিক। বিষয়টি ডাক অধিদপ্তর নিজেই সুরাহা করতে পারে।
২.২	:	ডাক বিভাগের সদর, জোনাল ও মাঠ পর্যায়ে সমন্বয় সভাগুলো নিয়মিত হচ্ছে না। নিয়মিত সমন্বয় সভার মাধ্যমে অনেক সমস্যার সমাধান করা সম্ভব।
২.৩	:	পিরোজপুর সদর ডাকঘরের বাথরুম বন্ধ করে স্টোর রুমে রূপান্তর করে প্রয়োজনীয় নথি পত্র রাখা হচ্ছে। ফলে জরুরী কাগজ ও নথি পত্র উইপোকায় খেয়ে নষ্ট করছে। জেলা সদর দপ্তরের ভবনটির উপরের দিকে অল্প টাকায় দু'টি রুম করে দিলে এ সমস্যার সহজে সমাধান করা সম্ভব।
২.৪	:	অধিকাংশ জেলায় ডাকঘরসমূহে তৃতীয় শ্রেণীর পদমর্যাদায় একজন কর্মকর্তা পোস্টমাস্টার জেনারেল হিসেবে কর্মরত রয়েছেন। সব কয়টি জেলা ডাকঘরের পোস্টমাস্টার জেনারেল এর পদটি ১ম শ্রেণীতে এবং উপজেলায় তা ২য় শ্রেণীতে উন্নীত করা যেতে পারে। এতে কর্মকর্তাদের চাকুরীতে সন্তুষ্টি বৃদ্ধি পাবে। যা দুর্নীতি কমাতে সহায়ক হবে।
২.৫	:	তৃতীয় ও চতুর্থ শ্রেণির কর্মচারীগণকে ওভার টাইম হিসেবে দৈনিক ৩০ টাকা দেয়া হয়। তা বিদ্যমান বাজার দরে অত্যধিক কম বিধায় বৃদ্ধি করা প্রয়োজন।
২.৬	:	পিরোজপুর সদরসহ অন্যান্য উপজেলায় জনবলের স্বল্পতা রয়েছে বলে জানা গেছে। খুলনা সার্কেলের আশুতায় চলমান জনবল নিয়োগের কার্যক্রম ত্বরান্বিত করতে হবে।
৩.০	:	বিটিসিএল এর সমস্যাসমূহঃ
৩.১	:	বিটিসিএল এর অপটিক্যাল ফাইবার প্রতিনিয়ত প্রাইভেট অপারেটর, সিটি কর্পোরেশন, পৌরসভা এবং সড়ক ও জনপদ অধিদপ্তর কর্তৃক কাটা যাচ্ছে। ফলে তাদের সার্ভিস টিকিয়ে রাখা খুবই কষ্টকর হয়ে পড়ছে।
৩.২	:	প্রযুক্তির দ্রুত পরিবর্তনের ফলে নতুন প্রযুক্তির সাথে বিটিসিএল নিজেকে খাপ খাওয়াতে পারছে না। তাই বিদ্যমান জনবলের প্রশিক্ষণ প্রয়োজন।
৩.৩	:	কোন কোন স্থানে BTCL এর জায়গা বিভিন্ন ভাবে বেদখল হয়ে যাচ্ছে। বেদখল ঠেকানোর জন্য

✓ ৪৬/২৭/১৯

	বাউভারী ওয়াল নির্মাণ করা প্রয়োজন। MOTN প্রকল্পের আওতায় বাউভারী ওয়াল নির্মাণ করার সংস্থান রয়েছে। তাই জরুরী ভিত্তিতে MOTN প্রকল্পের আওতায় বাউভারী ওয়াল নির্মাণ করা প্রয়োজন।
৪.০	: সুপারিশসমূহঃ বর্ণিত সমস্যাগুলো স্ব-স্ব অধিদপ্তর কর্তৃক নিরসনে উদ্যোগ গ্রহণ করতে পারে।

✓ সচিব

ডাক ও টেলিযোগাযোগ বিভাগ,
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।


(মোঃ মুসলেহ উদ্দিন)

যুগ্ম প্রধান
ডাক ও টেলিযোগাযোগ বিভাগ।
ফোন-৯৫১৪৪১৫;

বিতরণঃ

১. মহাপরিচালক, ডাক অধিদপ্তর, ডাক ভবন, ঢাকা।
২. ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানি লিমিটেড, ৩৭/ই, ইন্সটন গার্ডেন, ঢাকা।
৩. পোস্টমাস্টার জেনারেল, খুলনা সার্কেল, খুলনা।
৪. চীফ জেনারেল ম্যানেজার, বিটিসিএল, খুলনা।



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
ডাক ও টেলিযোগাযোগ বিভাগ।
পরিকল্পনা উইং।
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.ptd.gov.bd



টেলিযোগাযোগ অধিদপ্তরের সাইবার গ্রেট ডিটেকশন এন্ড রেসপন্স প্রকল্প পরিদর্শন

প্রকল্পের নাম	:	“সাইবার গ্রেট ডিটেকশন এন্ড রেসপন্স”
প্রকল্পের অবস্থান	:	টেলিযোগাযোগ অধিদপ্তর।
প্রাক্কলিত ব্যয়	:	১৫৯.১৭ কোটি টাকা।
প্রকল্পের মেয়াদ	:	ডিসেম্বর ২০১৬ - ডিসেম্বর ২০১৯
পরিদর্শনের তারিখ	:	২৯/০৯/২০১৯ খ্রিঃ
২০১৯-২০২০ অর্থ বছরে এডিপিতে বরাদ্দ ও ব্যয়	:	১৪.৯৬ কোটি টাকা ও ৩.১৯ কোটি টাকা।
ক্রমপঞ্জিত আর্থিক অগ্রগতি ও হার	:	১৪২.১৪ কোটি টাকা ও ৮৯%

গত ২৯/০৯/২০১৯ খ্রিঃ তারিখ “সাইবার গ্রেট ডিটেকশন এন্ড রেসপন্স” শীর্ষক প্রকল্পটি বেলা ৪.০০ ঘটিকায় পরিদর্শন করি। পরিদর্শনকালে সংশ্লিষ্ট প্রকল্প পরিচালকসহ সংস্থার অন্যান্য কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

পরিদর্শনের পর্যবেক্ষণ নিম্নরূপঃ

- ১। দেশে চালু ২৫টি (IIG), ১টি (NIX), ৬টি Aggregate সাইটে যন্ত্রপাতি স্থাপন করা হয়েছে, ১২৫ কেভিএ জেনারেটর স্থাপন ও চালু করা হয়েছে, ২৫০ কেভিএ সাব-স্টেশন এবং ১০ কিলোওয়াট সোলার প্যানেল চালু করা হয়েছে। অফিস ভবনের Retrofitting এর কাজ শেষে ভবনের উর্ধ্বমুখী ও সম্প্রসারণের কাজ চলমান রয়েছে।
- ২। চলতি এডিপি তে বরাদ্দকৃত ১৪.৯৬ কোটি টাকার অতিরিক্ত ২.৯২ কোটি টাকা বরাদ্দ প্রয়োজন হবে বলে প্রকল্প পরিচালক জানিয়েছেন, যা পরিকল্পনা কমিশনে অনুমোদনের অপেক্ষায় আছে।

সুপারিশসমূহ নিম্নরূপঃ

- ১। ভবন সম্প্রসারণের কাজ যেন মানসম্পন্ন হয় সে বিষয়ে প্রকল্প পরিচালক নিবিড়ভাবে মনিটরিং ও তত্ত্বাবধান করবেন।
- ২। অফিস ভবন সম্প্রসারণের কাজে ভবন নির্মাণ সম্পর্কিত সরকারের বিদ্যমান বিধিবিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে।
- ৩। প্রকল্পের কাজ ডিসেম্বর ২০১৯ এর মধ্যে আবশ্যিকভাবে শেষ করতে হবে।
- ৪। IIG ও NIX ওর যন্ত্রপাতি পরিচালনা ও রক্ষণাবেক্ষণের জন্য যোগ্য জনবল পদায়ন/নিয়োগ দিতে হবে।
- ৫। প্রকল্প পরিচালক নিয়মিত প্রকল্প কার্যক্রম পরিবীক্ষণ করে ডা এ বিভাগকে অবহিত করবেন।


(মোঃ মুসলেহ উদ্দিন)

যুগ্ম প্রধান

ফোন: ৯৫১৪৪১৫

E-mail: mmusleh.uddin@yahoo.com

স্মারক নং-১৪.০০.০০০০.০২৩.১৬.০০১.১৯-১০

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিতরণঃ

- ১। সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। প্রকল্প পরিচালক, সাইবার গ্রেট ডিটেকশন এন্ড রেসপন্স প্রকল্প, টেলিযোগাযোগ অধিদপ্তর, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা।
- ৩। উপসচিব (প্রশাসন-১), ডাক ও টেলিযোগাযোগ বিভাগ।
- ৪। সিনিয়র সহকারী প্রধান, পরিকল্পনা-৩, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ।
- ৫। ব্যক্তিগত কর্মকর্তা, যুগ্ম প্রধান এর দপ্তর, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ।

স্মারক নং-১৪.০০.০০০০.০২৩.১৬.০০১.১৯-০৮

তারিখঃ ১৮/০৯/২০১৯ খ্রিঃ

বিষয়ঃ দপ্তর/সংস্থার কার্যক্রম সরেজমিনে তত্ত্বাবধানকল্পে পরিদর্শন প্রতিবেদন সংক্রান্ত।

ডাক ও টেলিযোগাযোগ বিভাগের প্রশাসন-১ শাখার স্মারক নং -১৪.০০.০০০০.০০১.১৬.০২৫.১৭.৭৯৫ এবং ২৯ শে আগস্ট, ২০১৯ তারিখের অফিস আদেশ বলে আমি গত ১৭ সেপ্টেম্বর, ২০১৯ বাংলাদেশ টেলিফোন শিল্প সংস্থা (টেশিস) এর ল্যাপটপ কম্পিউটার উৎপাদন/সংযোজন কার্যক্রম পরিদর্শন করি। টেশিস এর এমডি এবং সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলাপকালে জানা যায় যে, টেশিস কর্তৃক নিম্নে বর্ণিত ল্যাপটপসমূহ উৎপাদন করা হয়ঃ

Serial No	Model	Price TK
01	Freedom QN	10,000/-
02	i37th gem	38,000/-
03	i57th gem	42,000-44,000/-
04	i77th gem	47,000-52,000/-
05	i58th gem	52,000/-
06	i78th gem	75,000/-

উপর্যুক্ত ল্যাপটপসমূহ Assemble করতে Thailand, China ও Thaiwan থেকে Hardisk, Display, Ram, Motherboard, ODD, SSD, Cover আমদানী করা হয়। ল্যাপটপ উৎপাদনে সহায়তাকারার জন্য ADA Trading Company Limited ও Walton নামে দু'টি প্রতিষ্ঠান কৌশলগত পার্টনারশীপে কাজ করে। ল্যাপটপ উৎপাদনের কার্যাদেশ পাওয়ার পর বর্ণিত পার্টনারশীপ প্রতিষ্ঠানের মাধ্যমে Specification সংগ্রহ করে থাকে।

২। ল্যাপটপ উৎপাদন ক্ষমতাঃ টেশিসের মেইন ভবনের একটি ফ্লোরে একটি বেলেট বসানো হয়েছে। ঐ বেলেট ৩০জন অপারেটর কাজ করে। একটি বেলেট দৈনিক উৎপাদন ক্ষমতা ৪৮০*২=৯৬০ টি ল্যাপটপ।

৩। বিগত অর্থবছরের বিক্রিঃ ২০১৮-১৯ অর্থবছরে আইসিটি বিভাগের আওতায় শেখ রাসেল ডিজিটাল ল্যাবে ১৩,৩০০ টি ডিজিআইসিটি অধিদপ্তরে ২৬৫টি এবং জগন্নাথ বিশ্ববিদ্যালয় ও মাদ্রাসা শিক্ষক ট্রেনিং প্রশিক্ষণ প্রতিষ্ঠানে ২০০ টি দোয়েল ল্যাপটপ সরবরাহ করেছে। এছাড়াও খোলা বাজারে সাদারণ জনগণের কাছে ২০০টি দোয়েল ল্যাপটপ বিক্রি করেছে।

৪। মার্কেটিংঃ বর্তমানে আইডিবি ভবনে ও রমনা বিটিসিএল ভবনে মোট ২ টি দোয়েল ল্যাপটপের শো-রুম রয়েছে। ঢাকার বাইরে কোন শো-রুম নেই। টেশিস প্রায় সম্পূর্ণরূপে সরকারি প্রতিষ্ঠানের কার্যাদেশের উপর নির্ভরশীল। এই নির্ভরশীলতা কমানোর জন্য সাধারণ জনগণের কাছে তাদের বিক্রয় বৃদ্ধি করার উদ্যোগ গ্রহণ করা প্রয়োজন।

৫। সুপারিশমালাঃ

ক) উৎপাদনমুখী প্রতিষ্ঠানকে বাজারে প্রতিযোগিতায় টিকে থাকতে হলে পণ্যের প্রচার/প্রচারণা বাড়ানো উচিত।

খ) টেশিস কর্তৃক উৎপাদিত ল্যাপটপের মান আরও উন্নয়নের দিকে মনোনিবেশ করতে হবে।

গ) টেশিসের অর্গানোগ্রাম যুগোপযোগী করা প্রয়োজন।

সচিব

ডাক ও টেলিযোগাযোগ বিভাগ,
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

বিভরণঃ

- ব্যবস্থাপনা পরিচালক, টেলিফোন শিল্প সংস্থা, টঙ্গী, গাজীপুর।
- উপসচিব, প্রশাসন -১, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ।
- ব্যক্তিগত কর্মকর্তা, যুগ্মপ্রধান এর দপ্তর, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ।

তারিখঃ ১৮/০৯/১৯	স্বাক্ষরঃ
প্রশাসন-১	উপসচিব ডাক-১
প্রশাসন-১ (সংস্থার)	উপসচিব ডাক-২
প্রশাসন-২ (সংস্থার)	সহ সচিব (সংস্থার)
প্রশাসন-৩ (সংস্থার)	

সহ সচিব (প্রশাসন)

মোঃ মুসলেহ উদ্দিন

যুগ্ম প্রধান

ডাক ও টেলিযোগাযোগ বিভাগ।

ফোন-৯৫১৪৪১৫;

৪৬ ৪৬
২৬/০৯/১৯

২৬/০৯ ২৬/০৯/১৯



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
ডাক ও টেলিযোগাযোগ বিভাগ।
পরিকল্পনা উইং।
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.ptd.gov.bd



স্মারক নম্বর: ১৪.০০.০০০০.০২৩.১৬.০০১.১৯-১৬

তারিখঃ ২৪/১০/২০১৯ খ্রিঃ

বিষয়ঃ ডাক অধিদপ্তরের চট্টগ্রামে "পোস্ট ই-সেন্টার ফর রুরাল কমিউনিটি", "মেইল প্রসেসিং ও লজিস্টিক সার্ভিস সেন্টার নির্মাণ" ও টেলিটকের "৩ জি নেটওয়ার্ক প্রযুক্তি চালুকরণ ও ২.৫ জি নেটওয়ার্ক সম্প্রসারণ (ফেজ -২)" শীর্ষক প্রকল্পের কার্যক্রম সরেজমিনে পরিদর্শন।

বিষয়ে বর্ণিত প্রকল্পসমূহের কার্যক্রম সরেজমিনে পরিদর্শনের লক্ষ্যে জনাব মোঃ মুসলেহ উদ্দিন, যুগ্ম প্রধান, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ আগামী ২৮-২৯ অক্টোবর, ২০১৯ চট্টগ্রামে সফর করবেন। নিম্নে তার সফর সূচি দেওয়া হলঃ

তারিখ ও বার	সময়	ভ্রমণ বিবরণ	মন্তব্য
২৮/১০/২০১৯ ৯ সোমবার	বিকাল ২.০০ ঘটিকা রাত্রি ৮.০০ ঘটিকা	ঢাকা থেকে চট্টগ্রামের উদ্দেশ্যে যাত্রা চট্টগ্রামে উপস্থিতি এবং চট্টগ্রাম সার্কিট হাউজে রাত্রিযাপন।	ট্রেন যোগে ব্যবস্থাপনায়: জেলা প্রশাসন চট্টগ্রাম
২৯/১০/২০১৯ মঙ্গলবার	সকাল ৯.০০- ৫.০০ ঘটিকা রাত্রি ৮.০০ ঘটিকা	চট্টগ্রামে "পোস্ট ই-সেন্টার ফর রুরাল কমিউনিটি", "মেইল প্রসেসিং ও লজিস্টিক সার্ভিস সেন্টার নির্মাণ" ও "৩ জি নেটওয়ার্ক প্রযুক্তি চালুকরণ ও ২.৫ জি নেটওয়ার্ক সম্প্রসারণ(ফেজ -২)" শীর্ষক প্রকল্পের কার্যক্রম সরেজমিনে পরিদর্শন। চট্টগ্রাম সার্কিট হাউজে রাত্রিযাপন।	ব্যবস্থাপনায়: চট্টগ্রাম পোস্ট অফিস। ব্যবস্থাপনায়: জেলা প্রশাসন চট্টগ্রাম
৩০/১০/২০১৯ ৯ বুধবার	সকাল ৭.০০-১২.০০ ঘটিকা	চট্টগ্রাম থেকে ঢাকার উদ্দেশ্যে যাত্রা ও ঢাকায় উপস্থিতি।	ট্রেন যোগে

০২. ইহা একটি সরকারি সফর। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমের এ আদেশ জারী করা হলো।

বিতরণ : (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ১) পোস্টমাস্টার জেনারেল, চট্টগ্রাম, অঞ্চল।
- ২) জেনারেল ম্যানেজার, টেলিটক বাংলাদেশ লিঃ, চট্টগ্রাম।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিতরণ


- ১) মহাপরিচালক, মহাপরিচালক এর দপ্তর, ডাক অধিদপ্তর, ঢাকা।
- ২) জেলা প্রশাসক, চট্টগ্রাম জেলা।
- ৩) পুলিশ সুপার, চট্টগ্রাম জেলা।
- ৪) ব্যবস্থাপনা পরিচালক, টেলিটক বাংলাদেশ লিমিটেড, ঢাকা।
- ৫) প্রকল্প পরিচালক, মেইল প্রসেসিং ও লজিস্টিক সার্ভিস সেন্টার নির্মাণ, ঢাকা।
- ৬) উপসচিব, প্রশাসন-১ শাখা, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ
- ৭) প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, সেগুন বাগিচা, ঢাকা।
- ৮) একান্ত সচিব, সচিবের দপ্তর, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ
- ৯) হিসাবরক্ষণ কর্মকর্তা, বাজেট-১ শাখা, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ
- ১০) ব্যক্তিগত কর্মকর্তা, যুগ্মপ্রধান-এর দপ্তর, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ

নাজমুন আরা সুলতানা
সিনিয়র সহকারী প্রধান
ফোন - ৭১১৫৪০৩

Mukh
28/10/19



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
ডাক ও টেলিযোগাযোগ বিভাগ।
পরিকল্পনা অনুবিভাগ।
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.ptd.gov.bd



স্মারক নং-১৪.০০.০০০০.০২৩.১৬.০০১.১৯-১৫ তারিখঃ ২২/১০/২০১৯খ্রিঃ
বিষয়ঃ ডাক ও টেলিযোগাযোগ বিভাগের আওতাধীন বিভিন্ন অধিদপ্তর, দপ্তর, সংস্থা ও কোম্পানিসমূহের মাঠ পর্যায়ের কার্যক্রমের তত্ত্বাবধান, তদারকি ও সমন্বয়ের লক্ষ্যে পরিদর্শন প্রতিবেদন।

গত ১৯/১০/২০১৯ তারিখে ডাক অধিদপ্তরের আওতাধীন ঝালকাঠি জেলার পোস্টাল ও বিটিসিএল কর্মকর্তা/কর্মচারীদের সাথে সকাল ১০.০০ টা থেকে ২.০০ টা পর্যন্ত মতবিনিময় সভা করি। সভায় এ বিভাগ কর্তৃক ৩০/০৬/২০১৯ তারিখে জারিকৃত অফিস আদেশের আলোকে বাংলাদেশ সরকারের চলমান বিভিন্ন কর্মকান্ড/কর্মসূচির সংক্ষিপ্ত পরিচিতি তুলে ধরা হয় এবং একই সাথে কর্মকর্তা/কর্মচারীদের করণীয় সম্পর্কে পরামর্শ প্রদান করা হয়।

সংখ্যা	বিবরণ
২.০	মাঠ পর্যায়ে ডাকঘরসমূহের সমস্যাসমূহ
২.১	প্রকল্প গ্রহণে মাঠপর্যায়ের কর্মকর্তাদের মতামত নেওয়া যেতে পারে এবং প্রকল্প বাস্তবায়নে তাদেরকে আরো সম্পৃক্ত করা যেতে পারে।
২.২	ডিজিটাল ই-পোস্ট অফিসে যেসব ল্যাপটপ দেওয়া হয়েছে তার অধিকাংশ নষ্ট হয়ে যাচ্ছে। এগুলো মেরামত করার জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতি বাজারে নেই বলে জানা গেছে।
২.৩	ডিজিটাল পোস্ট অফিসে প্রদানকৃত ল্যাপটপ/কম্পিউটারগুলো ব্যবহার করতে গিয়ে ছোটখাটো সমস্যা দেখা দিলে তা সমাধানের জন্য কোন টেকনিশিয়ান নেই। এ সমস্যা সমাধানের জন্য জেলা/বিভাগীয় পর্যায়ে একজন স্থায়ী টেকনিশিয়ান নিয়োগের ব্যবস্থা করা যেতে পারে।
২.৪	ঝালকাঠি সদর পোস্ট অফিসে সি সি ক্যামেরা স্থাপনের ব্যবস্থা করতে হবে।
২.৫	অন্যান্য পোস্ট অফিসে যেভাবে সুপেয় পানি সরবরাহ করা হয় একইভাবে ঝালকাঠি পোস্ট অফিসে সুপেয় পানির ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে।
২.৬	ব্রাঞ্চ পোস্ট অফিসে পোস্ট মাস্টারদের চাকুরি থেকে অবসর গ্রহণের কোন নীতিমালা নেই যা, থাকা প্রয়োজন।
২.৭	ডাক অধিদপ্তর কর্তৃক ৩/৬ মাস ব্যাপী কম্পিউটার প্রশিক্ষণ দেওয়া হয়। কিন্তু প্রশিক্ষণ কারীকুলাম কারিগরী শিক্ষা বোর্ড কর্তৃক অনুমোদিত নয় তাই প্রশিক্ষণার্থীরা চাকুরী ক্ষেত্রে প্রশিক্ষণ সনদ ব্যবহার করতে পারছে না। ফলে প্রশিক্ষণার্থীর সংখ্যা দিন দিন কমে যাচ্ছে।
৩.০	বিটিসিএল এর সমস্যাসমূহ
৩.১	বিটিসিএল এর অপটিক্যাল ফাইবার প্রতিনিয়ত প্রাইভেট অপারেটর, সিটি কর্পোরেশন, পৌরসভা এবং সড়ক ও জনপদ অধিদপ্তর কর্তৃক কাটা যাচ্ছে। ফলে তাদের সার্ভিস টিকিয়ে রাখা খুবই কষ্টকর হয়ে পড়ছে।
৩.২	প্রযুক্তির দ্রুত পরিবর্তনের ফলে নতুন প্রযুক্তির সাথে বিটিসিএল নিজেকে খাপ খাওয়াতে পারছে না। তাই প্রশিক্ষণের প্রয়োজনীয়তা রয়েছে।

✓ ৫৪৭৪
২৭/১০/১৯
২২/১০/১৯
২৪/১০/১৯
X

৩.৩	কোন কোন স্থানে BTCL এর জায়গা বিভিন্ন ভাবে বেদখল হয়ে যাচ্ছে। বেদখল ঠেকানোর জন্য বাউন্ডারী ওয়াল নির্মাণ করা প্রয়োজন। MOTN প্রকল্পের আওতায় বাউন্ডারী ওয়াল নির্মাণ করার সংস্থান রয়েছে। তাই জরুরী ভিত্তিতে MOTN প্রকল্পের আওতায় বাউন্ডারী ওয়াল নির্মাণ করা প্রয়োজন।
৫.০	: সুপারিশসমূহঃ বর্ণিত সমস্যাগুলো স্ব-স্ব অধিদপ্তর কর্তৃক নিরসনে উদ্যোগ গ্রহণ করতে পারে।

সচিব

ডাক ও টেলিযোগাযোগ বিভাগ,
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(মোঃ মুসলেহ উদ্দিন)

যুগ্ম প্রধান
ডাক ও টেলিযোগাযোগ বিভাগ।
ফোন-৯৫১৪৪১৫;

বিতরণঃ

১. মহাপরিচালক, ডাক অধিদপ্তর, ডাক ভবন, ঢাকা।
২. ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানি লিমিটেড, ৩৭/ই, ইস্কাটন গার্ডেন, ঢাকা।
৩. পোস্টমাস্টার জেনারেল, খুলনা অঞ্চল।



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
ডাক ও টেলিযোগাযোগ বিভাগ।
পরিকল্পনা অনুবিভাগ।
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.ptd.gov.bd



স্মারক নং-১৪.০০.০০০০.০২৩.১৬.০০১.১৯-১২

তারিখঃ ১৪/১০/২০১৯ খ্রি

বিষয়ঃ বরিশাল, ঝালকাঠি ও খুলনায় পোস্টাল ও বিটিসিএল এর প্রকল্পসহ কার্যক্রম পরিদর্শন।

জনাব মোঃ মুসলেহ উদ্দিন, যুগ্ম প্রধান, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ আগামী ১৮-২০ অক্টোবর, ২০১৯ নিম্নলিখিত সূচি অনুযায়ী ঝালকাঠি, বরিশাল ও খুলনা সফর করবেন।

তারিখ ও বার	সময়	ভ্রমণ বিবরণ	মন্তব্য
১৮/১০/২০১৯ শুক্রবার	বিকাল ৫.০০ ঘটিকা	ঢাকা থেকে বরিশালের উদ্দেশ্যে যাত্রা	লঞ্চ যোগে
১৯/১০/২০১৯ শনিবার	সকাল ৬.০০ টায়	বরিশালে উপস্থিতি এবং বরিশাল সার্কিট হাউজে অবস্থান	ব্যবস্থাপনায় : জেলা প্রশাসন বরিশাল
	৯.০০-১০.০০ টা	বরিশালে "পোস্ট ই-সেন্টার ফর রুরাল কমিউনিটি" ও "মেইল প্রসেসিং ও লজিস্টিক সার্ভিস সেন্টার নির্মাণ" প্রকল্প পরিদর্শন।	ব্যবস্থাপনায়: বরিশাল পোস্ট অফ
	১১.০০-২.০০ টা	ঝালকাঠি জেলার পোস্টাল ও বিটিসিএল কর্মকর্তা/কর্মচারীদের সাথে মতবিনিময় সভা	ব্যবস্থাপনায় : ঝালকাঠি জেলা পোস্ট অফিস।
	বিকাল ৩.০০টা	খুলনার উদ্দেশ্যে যাত্রা।	সড়ক পথে
	রাত্রি ৭.০০টা	খুলনায় উপস্থিতি ও রাত্রি যাপন।	ব্যবস্থাপনায়: খুলনা সার্কিড হাউজ।
২০/১০/২০১৯ রবিবার	সকাল ৯.৩০- ৩.০০টা	খুলনায় "মেইল প্রসেসিং ও লজিস্টিক সার্ভিস সেন্টার নির্মাণ" ও "পোস্ট ই-সেন্টার ফর রুরাল কমিউনিটি" শীর্ষক প্রকল্পের কাজ পরিদর্শন।	ব্যবস্থাপনায়: খুলনা পোস্ট অফিস।
	৩.০০টা-৭.০০টা	খুলনা থেকে বরিশালের উদ্দেশ্যে যাত্রা ও উপস্থিতি।	সড়ক পথে
	৮.০০টা	বরিশাল থেকে ঢাকার উদ্দেশ্যে যাত্রা	লঞ্চ যোগে
২১/১০/২০১৯ সোমবার	সকাল ৬.০০ টা	ঢাকায় উপস্থিতি।	

০২. ইহা একটি সরকারি সফর। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমের এ আদেশ জারী করা হলো।

বিতরণঃ

১. পোস্ট মাস্টার জেনারেল, খুলনা অঞ্চল।

২. ডেপুটি পোস্ট মাস্টার জেনারেল, বরিশাল জেলা।
৩. ডেপুটি ম্যানেজার, বিটিসিএল কোম্পানি লিমিটেড, বরিশাল জেলা।

সদয় অবগতির জন্যঃ

১. মহাপরিচালক, ডাক অধিদপ্তর, ঢাকা।
২. জেলা প্রশাসক, বরিশাল, ঝালকাঠি ও খুলনা জেলা।
৩. পুলিশ সুপার, বরিশাল, ঝালকাঠি ও খুলনা জেলা।
৪. ব্যবস্থাপনা পরিচালক, বিটিসিএল কোম্পানি লিমিটেড, ঢাকা।
৫. প্রকল্প পরিচালক, মেইল প্রসেসিং ও লজিস্টিক সার্ভিস সেন্টার নির্মাণ, ঢাকা।
৬. উপসচিব, প্রশাসন-১, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. উপসচিব, প্রশাসন-২, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. প্রধান হিসাবে রক্ষণ কর্মকর্তা, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, সেগুন বাগিচা, ঢাকা।
৯. সচিবের একান্ত সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০. হিসাব রক্ষণ কর্মকর্তা, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১. ব্যক্তিগত কর্মকর্তা, যথ-প্রধান এর দপ্তর, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

Signature

নাজমুন আরা সুলতান
সিনিয়র সহকারী প্রধা
ফোন - ৪৭১১৬৪০৩



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
ডাক ও টেলিযোগাযোগ বিভাগ।
পরিকল্পনা উইং।
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.ptd.gov.bd



ডাক অধিদপ্তরের “মেইল প্রসেসিং ও লজিস্টিক সার্ভিস সেন্টার নির্মাণ” শীর্ষক প্রকল্প পরিদর্শন প্রতিবেদন।

প্রকল্পের নাম	: “মেইল প্রসেসিং ও লজিস্টিক সার্ভিস সেন্টার নির্মাণ”
প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা	: ডাক অধিদপ্তর
প্রাকল্পিত ব্যয়	: ৩৬৫.৪৯ কোটি টাকা
প্রকল্পের মেয়াদ	: ০১ জুলাই, ২০১৮ হতে ৩০ জুন, ২০২০ পর্যন্ত
পরিদর্শনের তারিখ	: ১৯/১০/২০১৯ খ্রিঃ (শনিবার)
২০১৯-২০২০ অর্থ বছরে এডিপিতে বরাদ্দ ও ব্যয়	: ১৮০.০০ কোটি টাকা ও ০.৫৫ কোটি টাকা
ক্রমপঞ্জিত আর্থিক অগ্রগতি	: ১৫৮.১৩ কোটি টাকা

গত ১৯/১০/২০১৯ খ্রিঃ তারিখ ডাক অধিদপ্তরের “মেইল প্রসেসিং ও লজিস্টিক সার্ভিস সেন্টার নির্মাণ” শীর্ষক প্রকল্পের বরিশাল সেন্টারটি বেলা ১০.০০ ঘটিকায় পরিদর্শন করি। পরিদর্শনকালে জনাব মোঃ মাজহারুল ইসলাম খান লে. বাংলাদেশ নৌবাহিনী এবং ডাক অধিদপ্তরের ডেপুটি পোস্টমাস্টার জেনারেল উপস্থিত ছিলেন।

পরিদর্শনের পর্যবেক্ষণ নিম্নরূপঃ

১। প্রস্তাবিত সেন্টারের ভৌত কাজ চলমান রয়েছে। সাইড ইঞ্জিনিয়ার ভৌত কাজ শেষে নভেম্বরের প্রথম সপ্তাহে যন্ত্রপাতি বসাবে বলে জানিয়েছেন। ভৌত কাজে জাপানের নিম্বন কোম্পানির স্টিলের ভীম, টাটা কোম্পানি, ইন্ডিয়া এর করোগেট টিন, BSRM (Extreme) এর রড ও লাফাজ সুরমা ক্রীট সিমেন্ট ব্যবহার করছে। নির্মাণ সামগ্রী বুয়েট কর্তৃক পরীক্ষা করছে বলে জানিয়েছেন। নির্মাণাধীন সেন্টারে প্রবেশের প্রধান গেইটটির সামনে ডাক অধিদপ্তরের জায়গায় অবৈধ দোকানপাট রয়েছে। অবৈধ দোকানপাট অপসারণের জন্য হাই কোর্ট ডাক অধিদপ্তরের অনুকূলে রায় দিয়েছে বলে জানিয়েছেন। এই রায়কে চ্যালেঞ্জ করে অবৈধ দখলকারীরা হাই কোর্ট আপীল করেছে। এই আপীল নিষ্পত্তির জন্য ডাক অধিদপ্তর প্রচেষ্টা চালাচ্ছে বলে জানিয়েছেন।


২। প্রস্তাবিত সেন্টারের ৮০% কাজ ইকুয়েপমেন্ট সংক্রান্ত। এই ইকুয়েপমেন্ট বুকে নেয়া এবং এগুলো স্থাপন করার পর তার অপারেশন পর্যবেক্ষণের জন্য সেন্টারটি নির্মাণের পূর্বে বহিঃ সদস্য অন্তর্ভুক্ত পূর্বক টেকনিক্যাল কমিটি গঠন করা উচিত।

সুপারিশসমূহ নিম্নরূপঃ

- ১। হাই কোর্টে চলমান আপীল মামলা নিষ্পত্তির জন্য জোর প্রচেষ্টা চালাতে হবে।
- ২। ইকুয়েপমেন্ট গ্রহণ এবং তা অপারেশন বুকে নেওয়ার জন্য অবিলম্বে টেকনিক্যাল কমিটি গঠন করতে হবে।
- ৩। ভৌত নির্মাণ কাজের মান নিশ্চিত করণ এবং প্রকল্পটি নির্ধারিত সময়ে সমাপ্তির লক্ষ্যে প্রকল্পের পরিচালক কর্তৃক মনিটরিং ব্যবস্থা জোরদার করতে হবে।
- ৪। বর্তমান অর্থবছরের এডিপিতে বরাদ্দকৃত অর্থ শতভাগ মানসম্পন্ন প্রকল্প বাস্তবায়ন কাজে ব্যয় করতে হবে।
- ৫। ভবিষ্যতে অনুরূপ প্রকল্প গ্রহণ ও ডিজাইন প্রনয়ন কালে স্থানীয় কর্মকর্তাদের মতামত নিতে হবে।

স্মারক নং-১৪.০০.০০০০.০২৩.১৬.০০১.১৯-১৩
সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিতরণঃ

- ১। মহাপরিচালক, ডাক অধিদপ্তর, ঢাকা।
- ২। প্রকল্প পরিচালক, “মেইল প্রসেসিং ও লজিস্টিক সার্ভিস সেন্টার নির্মাণ”, ডাক অধিদপ্তর, ঢাকা।
- ৩। উপসচিব (প্রশাসন-১), ডাক ও টেলিযোগাযোগ বিভাগ।
- ৪। সচিবের একান্ত সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ।
- ৫। সিনিয়র সহকারী প্রধান, পরিকল্পনা-৩, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ।
- ৬। ব্যক্তিগত কর্মকর্তা, মুখ্য প্রধান এর দপ্তর, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ।


(মোঃ মুসলেহ উদ্দিন)
মুখ্য প্রধান
ফোন: ৯৫১৪৪১৫



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
ডাক ও টেলিযোগাযোগ বিভাগ
পরিকল্পনা উইং
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.ptd.gov.bd



ডাক অধিদপ্তরের “জরাজীর্ণ ডাকঘরসমূহের নির্মাণ/ পুনর্বাসন (২য় পর্যায়)” শীর্ষক প্রকল্প পরিদর্শন প্রতিবেদন।

প্রকল্পের নাম	:	“জরাজীর্ণ ডাকঘরসমূহের নির্মাণ/ পুনর্বাসন (২য় পর্যায়)”
প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা	:	ডাক অধিদপ্তর
প্রাকল্পিত ব্যয়	:	২২৫.০০ কোটি টাকা
প্রকল্পের মেয়াদ	:	০১ জানুয়ারি, ২০১৭ হতে ৩০ জুন, ২০২১ পর্যন্ত
পরিদর্শনের তারিখ	:	১৭/১১/২০১৯ রবিবার
২০১৯-২০২০ অর্থ বছরে এডিপিতে বরাদ্দ ও ব্যয়	:	২০.০০ কোটি টাকা ও ০.০৫ কোটি টাকা
ক্রমপঞ্জিত আর্থিক অগ্রগতি	:	২৪.৪০ কোটি টাকা।

গত ১৭/১১/২০১৯ খ্রিঃ তারিখ ডাক অধিদপ্তরের “জরাজীর্ণ ডাকঘরসমূহের নির্মাণ/পুনর্বাসন(২য় পর্যায়)” শীর্ষক প্রকল্পের পটুয়াখালী সাইটসমূহ পরিদর্শন করি। পরিদর্শনকালে ডিএমজি ও পোস্টমাস্টার পটুয়াখালী উপস্থিত ছিলেন।

পরিদর্শনের পর্যবেক্ষণ নিম্নরূপঃ

১। পটুয়াখালী বিভাগীয় পোস্ট অফিস কলোনীর ২টি ভবন ও কুমাকাটা শাখা পোস্ট অফিস আলোচ্য প্রকল্পে অন্তর্ভুক্ত আছে। সাইট দুটোর অবস্থাই খুবই খারাপ। অগ্রধিকার ভিত্তিতে এগুলোর কাজ আরম্ভ করা জরুরী।


সুপারিশঃ

- ১। নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পের যাবতীয় কাজ শেষ করতে হবে।
- ২। প্রকল্পের গুণগত মান বজায় রাখার জন্য প্রকল্প পরিচালক কর্তৃক মনিটরিং ব্যবস্থা জোরদার করতে হবে।
- ৩। প্রকল্প বাস্তবায়ন থেকে সর্বাধিক সুবিধা লাভের জন্য ডাক অধিদপ্তরের স্থানীয় কর্মকর্তাদের সম্পৃক্ত করতে হবে।

স্মারক নং-১৪.০০.০০০০.০২৩.১৬.০০১.১৯-২০

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিতরণঃ

- ১। মহাপরিচালক, ডাক অধিদপ্তর, ঢাকা।
- ২। প্রকল্প পরিচালক, “জরাজীর্ণ ডাকঘরসমূহের নির্মাণ/ পুনর্বাসন(২য় পর্যায়)” ডাক অধিদপ্তর, ঢাকা।
- ৩। উপসচিব (প্রশাসন-১), ডাক ও টেলিযোগাযোগ বিভাগ।
- ৪। সচিবের একান্ত সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ
- ৫। সিনিয়র সহকারী প্রধান, পরিকল্পনা-৩, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ।
- ৬। ব্যক্তিগত কর্মকর্তা, যুগ্ম প্রধান এর দপ্তর, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ।


(মোঃ মুসলেহ উদ্দিন)
যুগ্ম প্রধান
ফোন: ৯৫১৪৪১৫

ডাক অধিদপ্তরের “জরাজীর্ণ ডাকঘরসমূহের নির্মাণ/ পুনর্বাসন (২য় পর্যায়)” শীর্ষক প্রকল্প পরিদর্শন প্রতিবেদন।

প্রকল্পের নাম	:	“জরাজীর্ণ ডাকঘরসমূহের নির্মাণ/ পুনর্বাসন (২য় পর্যায়)”
প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা	:	ডাক অধিদপ্তর
প্রাকল্পিত ব্যয়	:	২২৫.০০ কোটি টাকা
প্রকল্পের মেয়াদ	:	০১ জুলাই, ২০১৭ হতে ৩০ জুন, ২০২১ পর্যন্ত
পরিদর্শনের তারিখ	:	০৭/১২/২০১৯ শনিবার
২০১৯-২০২০ অর্থ বছরে এডিপিতে বরাদ্দ ও ব্যয়	:	২০.০০ কোটি টাকা ও ০.০৫ কোটি টাকা
ক্রমপঞ্জিত আর্থিক অগ্রগতি	:	২৪.৪০ কোটি টাকা


গত ০৭/১২/২০১৯ খ্রিঃ তারিখ ডাক অধিদপ্তরের “জরাজীর্ণ ডাকঘরসমূহের নির্মাণ/ পুনর্বাসন (২য় পর্যায়)” শীর্ষক প্রকল্পের বরগুনা ও পটুয়াখালী সাইটসমূহ পরিদর্শন করি। পরিদর্শনকালে ডিএমজি, পটুয়াখালী উপস্থিত ছিলেন।

পরিদর্শনের পর্যবেক্ষণ নিম্নরূপঃ

১। পটুয়াখালী বিভাগীয় মির্জাগঞ্জ উপজেলা সদর পোস্ট অফিস ও বেতাগী উপজেলার সাব-পোস্ট অফিস আলোচ্য প্রকল্পে অন্তর্ভুক্ত আছে। সাইট দু'টোর অবস্থা খুবই খারাপ। অগ্রাধিকার ভিত্তিতে এগুলোর কাজ আরম্ভ করা জরুরী।

সুপারিশঃ

- ১। নির্ধারিত সময়ের মধ্যে সেন্টার নির্মাণের যাবতীয় কাজ শেষ করতে হবে।
- ২। প্রকল্পের গুণগত মান বজায় রাখার জন্য প্রকল্প পরিচালক কর্তৃক মনিটরিং ব্যবস্থা জোরদার করতে হবে।
- ৩। প্রকল্প বাস্তবায়ন থেকে সর্বাধিক সুবিধা লাভের জন্য ভবিষ্যতে অনুরূপ প্রকল্প গ্রহণ ও ডিজাইন প্রনয়ন কালে ডাক অধিদপ্তরের স্থানীয় কর্মকর্তাদের মতামত নিতে হবে।
৪. প্রকল্পের অন্তর্ভুক্ত যে সব পোস্ট অফিসের অবস্থা বেশী খারাপ সেগুলো জরুরী ভিত্তিতে নির্মাণ/পুননির্মাণ করতে হবে।


(মোঃ মুসলেই উদ্দিন)
যুগ্ম প্রধান
ফোন: ৯৫১৪৪১৫

স্মারক: ১৪.০০.০০০০.০২৩.১৬.০০১.২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিতরণঃ

- ১। মহাপরিচালক, ডাক অধিদপ্তর, ঢাকা।
- ২। প্রকল্প পরিচালক, “মেইল প্রসেসিং ও লজিস্টিক সার্ভিস সেন্টার নির্মাণ”, ডাক অধিদপ্তর, ঢাকা।
- ৩। পোস্ট মাস্টার জেনারেল, খুলনা অঞ্চল, খুলনা।
- ৪। উপসচিব (প্রশাসন-১), ডাক ও টেলিযোগাযোগ বিভাগ।
- ৫। সচিবের একান্ত সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ।
- ৬। সিনিয়র সহকারী প্রধান, পরিকল্পনা-৩, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ।
- ৭। ব্যক্তিগত কর্মকর্তা, যুগ্ম প্রধান এর দপ্তর, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ।

বিষয়: আঞ্চলিক নৈতিকতা কমিটির জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০১৯-২০২০ এর বাস্তবায়ন অগ্রগতি পরিদর্শন প্রতিবেদন।

ডাক অধিদপ্তরের আঞ্চলিক নৈতিকতা কমিটির জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০১৯-২০২০ এর বাস্তবায়ন অগ্রগতি পরিদর্শন কার্যক্রমের অংশ হিসেবে এবং পত্র নং ১৪.০০.০০০০.০৩৩.৯৯.০০১.৩২৭ এর সফরসূচির পরিপ্রেক্ষিতে গত ১২ই ডিসেম্বর ২০১৯ খ্রিঃ তারিখ সকাল ৯ টায় পি. এম. জি, রাজশাহী সার্কেল কার্যালয়ে উপস্থিতি হয়ে আঞ্চলিক নৈতিকতা কমিটির সভাপতি এবং সদস্যদের সাথে শুদ্ধাচার পরিপালন বিষয়ে আলোচনা ও মত বিনিময় করা। সেখানে পোস্টাল একাডেমী, রাজশাহী ও ডাক জীবন বীমা আঞ্চলিক কার্যালয়, রাজশাহী এর নৈতিকতা কমিটির সভাপতি এবং সদস্যগণও উপস্থিত ছিলেন। পরিদর্শনকালে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা এর ছক প্রণয়ন, ত্রৈমাসিক ছক পূরণ এবং কর্ম-পরিকল্পনা অনুযায়ী বাস্তবায়ন বিষয়ে নৈতিকতা কমিটির সদস্যদের বিভিন্ন প্রশ্ন, জিজ্ঞাসা নিয়ে আলোচনা করা।

১। ডাক অধিদপ্তর এর কেন্দ্রীয় নৈতিকতা কমিটি কর্তৃক আঞ্চলিক পর্যায়ে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০১৯-২০২০ এর বাস্তবায়ন অগ্রগতি তদারকি খুব দুর্বল। ত্রৈমাসিক প্রতিবেদনের উপর ফিড-ব্যাক প্রদানের বিষয়ে বাধ্যবাধকতা থাকলেও আঞ্চলিক নৈতিকতা কমিটির প্রতিবেদনের উপর কোন ফিড-ব্যাক প্রদান করা হয় না।

২। আঞ্চলিক নৈতিকতা কমিটি জানায় যে, শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০১৯-২০২০ এর বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় অর্থ প্রদান করা হয় না। তাই শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনায় শুদ্ধাচার বিষয়ে পুরস্কার দেওয়ার নিয়ম থাকলেও পুরস্কার প্রদান করা সহ বিভিন্ন শুদ্ধাচার কার্যক্রম যথার্থভাবে পরিপালন করা যাচ্ছে না।

৩। শুদ্ধাচার বিষয়ে প্রয়োজনীয় প্রশিক্ষণের অভাব অনুভূত হয়েছে। ডাক অধিদপ্তরের কেন্দ্রীয় পর্যায়ে থেকে শুদ্ধাচার বিষয়ে প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা করা হয় না বলে প্রতীয়মান হয়।

৪। আঞ্চলিক নৈতিকতা কমিটির জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০১৯-২০২০ এর বাস্তবায়নার্থে আঞ্চলিক কার্যালয়কে তৎপর রাখতে কেন্দ্রীয় কমিটি/কার্যালয় কর্তৃক আঞ্চলিক পর্যায়ে তদারকি বাড়াতে এবং প্রয়োজনীয় সহযোগিতা করতে ডাক অধিদপ্তরের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।



২-১-২০২০

বিদ্যুৎ চন্দ্র আইচ

উপসচিব ও শুদ্ধাচার বিষয়ক বিকল্প ফোকাল পয়েন্ট

ফোন: ৪৭১১৯৫৫৫

ইমেইল: bidyutca@yahoo.com

যুগ্মসচিব

যুগ্মসচিব (প্রশাসন)-এর দপ্তর

ডাক ও টেলিযোগাযোগ বিভাগ

স্মারক নম্বর: ১৪.০০.০০০০.০৩৩.৯৯.০০১.১৯.০১

তারিখ: ১৭ পৌষ ১৪২৬

০১ জানুয়ারি ২০২০

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য

১) মহাপরিচালক (চলতি দায়িত্ব), মহাপরিচালক এর দপ্তর, ডাক অধিদপ্তর

২) একান্ত সচিব, সচিবের দপ্তর, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ

৩) বাস্তবায়ন কর্মকর্তা, অতিরিক্ত সচিব (নিরীক্ষা)-এর দপ্তর, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ



১-১-২০২০

বিদ্যুৎ চন্দ্র আইচ
উপসচিব (আইন)

বিষয়: আঞ্চলিক নৈতিকতা কমিটির জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০১৯-২০২০ এর বাস্তবায়ন অগ্রগতি পরিদর্শন প্রতিবেদন।

বাংলাদেশ টেলিকমিউনিকেশন কোম্পানী লিমিটেড (বিটিসিএল) এর আঞ্চলিক নৈতিকতা কমিটির জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০১৯-২০২০ এর বাস্তবায়ন অগ্রগতি পরিদর্শন কার্যক্রমের অংশ হিসেবে এবং পত্র নং ১৪.০০.০০০০.০৩৩.৯৯.০০১.৩২৭ এর সফরসূচির পরিপ্রেক্ষিতে গত ১১ই ডিসেম্বর ২০১৯ খ্রিঃ তারিখ বেলা ৩ টায় মুখ্য-মহাব্যবস্থাপক, রাজশাহী অঞ্চল, বিটিসিএল এর কার্যালয়ে উপস্থিতি হয়ে আঞ্চলিক নৈতিকতা কমিটির সভাপতি এবং সদস্যদের সাথে শুদ্ধাচার পরিপালন বিষয়ে আলোচনা ও মত বিনিময় করা। পরিদর্শনকালে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা এর ছক প্রণয়ন, ত্রৈমাসিক ছক পূরণ এবং কর্ম-পরিকল্পনা অনুযায়ী বাস্তবায়ন বিষয়ে নৈতিকতা কমিটির সদস্যদের বিভিন্ন অনুসন্ধান, প্রশ্ন, জিজ্ঞাসা নিয়ে আলোচনা করা।

১। বিটিসিএল এর কেন্দ্রীয় নৈতিকতা কমিটি কর্তৃক আঞ্চলিক পর্যায়ে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০১৯-২০২০ এর বাস্তবায়ন অগ্রগতি তদারকি খুব দুর্বল। ত্রৈমাসিক প্রতিবেদনের উপর ফিড-ব্যাক প্রদানের বিষয়ে বাধ্যবাধকতা থাকলেও আঞ্চলিক নৈতিকতা কমিটির প্রতিবেদনের উপর কোন ফিড-ব্যাক প্রদান করা হয় না।

২। শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনায় শুদ্ধাচার বিষয়ে পুরস্কার দেওয়ার নিয়ম থাকলেও পুরস্কার প্রদান করা সহ বিভিন্ন শুদ্ধাচার কার্যক্রম যথার্থভাবে পরিপালন করা হচ্ছে না।

৩। শুদ্ধাচার বিষয়ে প্রয়োজনীয় প্রশিক্ষণের অভাব অনুভূত হয়েছে। বিটিসিএল এর কেন্দ্রীয় পর্যায়ে থেকে শুদ্ধাচার বিষয়ে প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা করা হয় না বলে প্রতীয়মান হয়।

৪। আঞ্চলিক নৈতিকতা কমিটির জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০১৯-২০২০ এর বাস্তবায়নার্থে আঞ্চলিক কার্যালয়কে তৎপর রাখতে কেন্দ্রীয় কমিটি/কার্যালয় কর্তৃক আঞ্চলিক পর্যায়ে তদারকি বাড়াতে এবং প্রয়োজনীয় সহযোগিতা করতে বাংলাদেশ টেলিকমিউনিকেশন কোম্পানী লিমিটেড (বিটিসিএল) এর দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।


১-১-২০২০

বিদ্যুৎ চন্দ্র আইচ

উপসচিব ও শুদ্ধাচার বিষয়ক বিকল্প ফোকাল পয়েন্ট

ফোন: ৪৭১১৯৫৫৫

ইমেইল: bidyutca@yahoo.com

যুগ্মসচিব

যুগ্মসচিব (প্রশাসন)-এর দপ্তর

ডাক ও টেলিযোগাযোগ বিভাগ

স্মারক নম্বর: ১৪.০০.০০০০.০৩৩.৯৯.০০১.১৯.০২

তারিখ: ১৭ পৌষ ১৪২৬

০১ জানুয়ারি ২০২০

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য

- ১) ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ টেলিকমিউনিকেশন কোম্পানী লিমিটেড (বিটিসিএল)
- ২) একান্ত সচিব, সচিবের দপ্তর, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ
- ৩) ব্যক্তিগত কর্মকর্তা, অতিরিক্ত সচিব (নিরীক্ষা)- এর দপ্তর, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ



১১-১০-২০


বিদ্যুৎ চন্দ্র আইচ
উপসচিব (আইন)

বিষয়: পরিদর্শন প্রতিবেদন প্রসঙ্গে

পরিকল্পনা অনুবিভাগ কর্তৃক বিভিন্ন প্রকল্প পরিদর্শনে প্রদত্ত সুপারিশ এর বাস্তবায়ন অগ্রগতির তথ্য আপনার সদয় অবগতির জন্য প্রেরণ করা হলঃ

ক্র: নং	প্রকল্পের নাম	সুপারিশ	অগ্রগতি
১।	"জরাজীর্ণ ডাক ঘরসমূহের নির্মান/পুনর্বাসন (২য় পর্যায়)"	১) বন্দর ডাকঘরটির পুন: নির্মাণ কাজ অগ্রাধিকার ভিত্তিতে আরম্ভ করতে হবে। ২) নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পের যাবতীয় কাজ শেষ করতে হবে। ৩) প্রকল্পের গুণগত মান বজায় রাখার জন্য প্রকল্প পরিচালক কর্তৃক মনিটরিং ব্যবস্থা জোরদার করতে হবে। ৪) প্রকল্প বাস্তবায়ন থেকে সর্বাধিক সুবিধা লাভের জন্য বাস্তবায়ন কাজে ডাক অধিদপ্তরের স্থানীয় কর্মকর্তাদের মতামত নিতে হবে।	১. কাজ শুরু হয়েছে ২. প্রকল্পের কাজ শেষ হয়নি ৩. প্রতিপালিত হচ্ছে ৪. প্রতিপালিত হচ্ছে
২।	টেলিটক বাংলাদেশ লি: এর "৩জি প্রযুক্তি চালুকরণ ও ২.৫ জি নেটওয়ার্ক সম্প্রসারণ (ফেজ-২)" শীর্ষক প্রকল্প পরিদর্শন প্রতিবেদন।	১) কল্লাবাজারে সদ্য নিমিত Customer Experience Center এর প্রবেশ পথটির সৌন্দর্য বৃদ্ধি করতে হবে। প্রাহকদের দৃষ্টি আকর্ষণ করার জন্য প্রবেশ পথে স্থায়ী বিজ্ঞাপনের ব্যবস্থা করতে হবে। ২) ১৭ মার্চ, ২০২০ এর পূর্বে টাওয়ার স্থাপন ও সেন্টার মিনাশের যাবতীয় কাজ শেষ করতে হবে। ৩) প্রকল্পের গুণগত মান বজায় রাখার জন্য প্রকল্প পরিচালক কর্তৃক মনিটরিং ব্যবস্থা জোরদার করতে হবে। ৪) প্রকল্পের যেসব যন্ত্রপাতি স্থাপন করা হয়েছে সেগুলো বিশেষজ্ঞ কমিটি কর্তৃক গ্রহণ করতে হবে।	৫. প্রতিপালিত হয়েছে ৬. কাজ চলমান ৭. প্রতিপালিত হচ্ছে ৮. সংস্থার ইঞ্জিনিয়ার রা যন্ত্রপাতি পরীক্ষা করেন।
৩।	"ডিজিটাল সংযোগের জন্য টেলিকমিউনিকেশন নেটওয়ার্ক আধুনিকীকরণ	১) ডিস সার্ভিস GPON এ অন্তর্ভুক্ত হওয়া প্রয়োজন। ২) বিটিসিএল এর বিদ্যমান জনবলকে প্রকল্প বাস্তবায়নে সম্পৃক্ত করতে হবে। ৩) প্রকল্পের গুণগত মান বজায় রাখার জন্য প্রকল্প পরিচালক কর্তৃক মনিটরিং ব্যবস্থা জোরদার করতে হবে। ৪) প্রকল্পে যেসব যন্ত্রপাতি স্থাপন করা হয়েছে সেগুলো বিশেষজ্ঞ কমিটি কর্তৃক গ্রহণ করতে হবে।	৯. কাজ চলমান ১০. করা হয়েছে ১১. প্রতিপালিত হচ্ছে ১২. সংস্থা এবং প্রকল্পের অভিজ্ঞ প্রকৌশলী/কর্মকর্তাবৃন্দ কর্তৃক পরীক্ষা করা হয়।
৪।	বিভিন্ন অধিদপ্তর, দপ্তর, সংস্থা ও কোম্পানিসমূহের মাঠ পর্যায়ের কার্যক্রমের তত্তাবধান, তদারকি ও সমন্বয়ের লক্ষ্যে পরিদর্শন প্রতিবেদন।	বর্ণিত সমস্যাগুলো স্ব-স্ব অধিদপ্তর কর্তৃক নিরসনে উদ্যোগ গ্রহণ করতে পারে।	
৫।	সাইবার শ্রেট ডিটেকশন এন্ড রেসপন্স"	১) ভবন সম্প্রসারণের কাজ যেন মানসম্পন্ন হয় সে বিষয়ে প্রকল্প পরিচালক নিবিড়ভাবে মনিটরিং ও তত্ত্বাবধান করবেন। ২) অফিস ভবন সম্প্রসারণের কাজে ভবন নির্মাণ সম্পর্কিত সরকারের বিদ্যমান বিধিবিধান যাথাযথভাবে অনুসরণ করতে হবে। ৩) প্রকল্পের কাজ ডিসেম্বর ২০১৯ এর মধ্যে আবশ্যিকভাবে শেষ করতে হবে। ৪) IIG ও NIX এর যন্ত্রপাতি পরিচালনা ও রক্ষণাবেক্ষণের জন্য যোগ্য জনবল পদায়ন /নিয়োগ দিতে হবে। ৫) প্রকল্প পরিচালক নিয়মিত প্রকল্প কার্যক্রম পরিবীক্ষণ করে তা এ বিভাগকে অবহতি করবেন।	১৩. প্রতিপালিত হয়েছে ১৪. প্রতিপালিত হয়েছে ১৫. প্রতিপালিত হয়েছে ১৬. কার্যক্রম চলমান ১৭. প্রকল্প সমাপ্ত

** প্রকল্প পরিদর্শনে প্রদত্ত সুপারিশের প্রায় ৮৩% প্রতিপালিত হয়েছে।



২৪-৮-২০২০

উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)
কোম্পানি-২ অধিশাখা
ডাক ও টেলিযোগাযোগ বিভাগ

নাজমুন আরা সুলতানা
সিনিয়র সহকারী প্রধান

ইউ. ও. নোট নম্বর: ১৪.০০.০০০০.০১৪.১৪.০২৮.১৯.১১৭১

তারিখ: ৯ ভাদ্র ১৪২৭

২৪ আগস্ট ২০২০

অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

১) ব্যক্তিগত কর্মকর্তা, মুগ্ধপ্রধান-এর দপ্তর, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ

ANNUAL PROCUREMENT PLAN

Financial Year of - 2019-2020

Ministry/Division : Post and Telecommunications Division
 Head of Procuring Entity Name : Secretary, Post and Telecommunications Division.
 Procuring Entity Name : Deputy Secretary/ Senior Assistant Secretary /Assistant Secretary (Admin-2)

SI No	Description of Procurement package	Unit	Quantity	Procurement Method & Type	Contract Approving Authority	Source of funds	Estd. Cost in Lakh Tk.	Time code for Process	Invite/Advise tender	Notification of Award	Signing of Contract	Tr Comp Co
1	2	3	4	5	6	7	8	9	11	15	16	
1.	Computer /Laptop/Tab	-	25 pcs	EGP or OTM or RFQ or DPM	As per deligation	GOB	11	15-45 Days	July-19 to May/20	July-19 to May/20	July-19 to May/20	July-19
2.	Photocopier	-	1 pes	Do	Do	Do	5.5	30-45 Days	July-19 to May/20	July-19 to May/20	July-19 to May/20	July-19
3.	Furniture	-	As per requisition	Do	Do	Do	9.0	3-30 Days	July-19 to May/20	July-19 to May/20	July-19 to May/20	July-19
4.	Stamp and Sil	-	As per requisition	OTM or RFQ or DPM	Do	Do	1.0	2-4 Days	July-19 to May/20	July-19 to May/20	July-19 to May/20	July-19
5.	Crocarise	-	As per requisition	Do	Do	Do	9.0	3-30 Days	July-19 to May/20	July-19 to May/20	July-19 to May/20	July-19
6.	Computer Printer & Toner	-	As per requisition	Do	Do	Do	16.5	3-7 Days	July-19 to May/20	July-19 to May/20	July-19 to May/20	July-19
7.	Scanner Machine	-	15	Do	Do	Do	16.5	3-30 Days	July-19 to May/20	July-19 to May/20	July-19 to May/20	July-19
8.	UPS	-	20 pcs	Do	Do	Do	16.5	2-4 Days	July-19 to May/20	July-19 to May/20	July-19 to May/20	July-19
9.	ICT Equipment	-	As per requisition	Do	Do	Do	16.5	2-4 Days	July-19 to May/20	July-19 to May/20	July-19 to May/20	July-19
10.	Fax	-	As per requisition	Do	Do	Do	9.0	2-7 Days	July-19 to May/20	July-19 to May/20	July-19 to May/20	July-19
11.	Books	-	As per requisition	Do	Do	Do	2.0	2-7 Days	July-19 to May/20	July-19 to May/20	July-19 to May/20	July-19
12.	LED Tv	-	As per requisition	Do	Do	Do	5.5	30-45 Days	July-19 to May/20	July-19 to May/20	July-19 to May/20	July-19
13.	Uniform	-	04 set	Do	Do	Do	1.0	30-45 Days	July-19 to May/20	July-19 to May/20	July-19 to May/20	July-19

১৯/৭/১৯
 ২০/৭/১৯
 ২১/৭/১৯
 ২২/৭/১৯
 ২৩/৭/১৯
 ২৪/৭/১৯
 ২৫/৭/১৯
 ২৬/৭/১৯
 ২৭/৭/১৯
 ২৮/৭/১৯
 ২৯/৭/১৯
 ৩০/৭/১৯

১৯/৭/১৯
 ২০/৭/১৯
 ২১/৭/১৯
 ২২/৭/১৯
 ২৩/৭/১৯
 ২৪/৭/১৯
 ২৫/৭/১৯
 ২৬/৭/১৯
 ২৭/৭/১৯
 ২৮/৭/১৯
 ২৯/৭/১৯
 ৩০/৭/১৯

১৯/৭/১৯
 ২০/৭/১৯
 ২১/৭/১৯
 ২২/৭/১৯
 ২৩/৭/১৯
 ২৪/৭/১৯
 ২৫/৭/১৯
 ২৬/৭/১৯
 ২৭/৭/১৯
 ২৮/৭/১৯
 ২৯/৭/১৯
 ৩০/৭/১৯

১৯/৭/১৯
 ২০/৭/১৯
 ২১/৭/১৯
 ২২/৭/১৯
 ২৩/৭/১৯
 ২৪/৭/১৯
 ২৫/৭/১৯
 ২৬/৭/১৯
 ২৭/৭/১৯
 ২৮/৭/১৯
 ২৯/৭/১৯
 ৩০/৭/১৯

১৯/৭/১৯
 ২০/৭/১৯
 ২১/৭/১৯
 ২২/৭/১৯
 ২৩/৭/১৯
 ২৪/৭/১৯
 ২৫/৭/১৯
 ২৬/৭/১৯
 ২৭/৭/১৯
 ২৮/৭/১৯
 ২৯/৭/১৯
 ৩০/৭/১৯

০৯/৯/১৯

= ০২ =

Description of Procurement package	Unit	Quantity	Procurement Method & Type	Contract Approving Authority	Source of funds	Estd. Cost in Lakh Tk.	Time code for Process	Invite/Advise tender	Notification of Award	Signing of Contract	Time for Completion of Contract
	3	4	5	6	7	8	9	11	15	16	18
lePhone set	-	As per requisition	Do	Do	Do	5.5	7-15 Days	july-19 to may/20	july-19 to may/20	july-19 to may/20	july-19 to may/20
ange/(PA)	-	As per requisition	Do	Do	Do	5.5	30-45 Days	july-19 to may/20	july-19 to may/20	july-19 to may/20	july-19 to may/20
ater Filter	-	As per requisition	Do	Do	Do	9.0	1-30 Days	july-19 to may/20	july-19 to may/20	july-19 to may/20	july-19 to may/20
ationary	-	As per requisition	Do	Do	Do						

- কম্পিউটার : এ বিভাগের টিওএন্ডই-তে ৭২টি কম্পিউটার অন্তর্ভুক্ত রয়েছে। তন্মধ্যে মনো কিছু কিছু কম্পিউটার ব্যাপহার অনুপযোগী হয়ে পড়েছে। তাই বর্তমান অর্ধবছরে (২০১৯-২০২০) প্রায় ২৫ টি কম্পিউটার ক্রয়ের প্রয়োজনীয়তা রয়েছে।
- মাননীয় মন্ত্রী এবং উর্দ্ধতন কর্মকর্তাগণের চাহিদা মোতাবেক জরুরী প্রয়োজনে পিপিআর-২০০৮ অনুসরণপূর্বক প্রয়োজনীয় মালামাল ক্রয় করা হবে।
- সরাসরি ক্রয়ের ক্ষেত্রে -২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকার কম মূল্যমানের মালামাল চাহিদা অনুযায়ী সরাসরি স্থানীয় বাজার হতে ক্রয় করা হবে।
- এক্ষেত্রে সকল বিধি-বিধান এবং পিপিআর-২০০৮ অনুসরণপূর্বক প্রয়োজনীয় মালামাল ক্রয় করা হবে।

২৪/০৭/১৯
 সচিব, বাংলাদেশ সরকার
 প্রশাসনিক কর্মসূচী
 মন্ত্রণালয়
 মন্ত্রণালয়
 মন্ত্রণালয়

২৪/০৭/১৯
 সচিব, বাংলাদেশ সরকার
 প্রশাসনিক কর্মসূচী
 মন্ত্রণালয়
 মন্ত্রণালয়

২৪/০৭/১৯
 সচিব, বাংলাদেশ সরকার
 প্রশাসনিক কর্মসূচী
 মন্ত্রণালয়
 মন্ত্রণালয়

২৪/০৭/১৯
 সচিব, বাংলাদেশ সরকার
 প্রশাসনিক কর্মসূচী
 মন্ত্রণালয়
 মন্ত্রণালয়

২৪/০৭/১৯
 সচিব, বাংলাদেশ সরকার
 প্রশাসনিক কর্মসূচী
 মন্ত্রণালয়
 মন্ত্রণালয়

অফিস পরিদর্শন চেক লিস

(সংশ্লিষ্ট অফিস প্রধান কর্তৃক পূরণীয়)

১. অফিসের নাম ও ঠিকানা: কুষ্টিয়া প্রধান ডাকঘর, কুষ্টিয়া-৭০০০।
২. পরিদর্শনের তারিখ: ১৮-০৯-২০১৯ খ্রি:
৩. অফিস প্রধান: জনাব আবুল কালাম আছাদ, পোস্টমাস্টার(১ম শ্রেণী), কুষ্টিয়া প্রধান ডাকঘর।
৪. জনবলঃ

সাংগঠনিক কাঠামোতে পদনাম	সংখ্যা	কর্মরত	শূন্য
পোস্টমাস্টার(১ম শ্রেণী)	১	০	১
ডেপুটি পোস্টমাস্টার	১	১	০
জুনিয়র হিসাব রক্ষক	১	০	১
পোস্টঅফিস পরিদর্শক(শহর)	১	০	১
সহকারি পোস্টমাস্টার	৩	২	১
বেতার লাইসেন্স পরিদর্শক	১	০	১
এস.পি.এম	৬	৬	০
ড্রেজারার	১	১	০
পোস্টাল অপারেটর	১৮	১৩	৫
টাইপিষ্ট	১	০	১
সহকারি পরিদর্শক	৩	০	৩
হেড পোস্টম্যান	১	০	১
ড্রাইভার	১	১	০
সটিং অপারেটর	১	০	১
পোস্টম্যান	১৮	১	১৭
স্ট্যাম্প ভেভার	১	০	১
প্যাকার	৮	৫	৩
নৈশ গ্রহরী	২	১	১
অফিস সহায়ক	২	১	১
এলসী	১	০	১
সুইচার	১	০	১
ইডি এস.পি.এম	২	১	১
ইডি এস.সি	২	১	১
মোট কর্মচারীর সংখ্যা	৭৭	৪১	৩৬

বিস্তারিত=৭৩ জন

অবিস্তারিত=৪ জন

৫. সেবা তালিকা ও সেবা গ্রহিতার সংখ্যা:

সেবার নাম	গ্রহিতা সংখ্যা	মন্তব্য
সঞ্চয় ব্যাংক	৫৬	সন্তোষজনক
সঞ্চয়পত্র(নতুন ইস্যু ও মুনাফা উন্মোচন)	১০২৫	সন্তোষজনক
পোস্টাল অর্ডার	-	-
মোবাইল মানি অর্ডার	৪	সন্তোষজনক
রেজিষ্ট্রপত্র	৩৪৮	সন্তোষজনক
জিইপি	১০২	সন্তোষজনক
পার্সেল	২৩	সন্তোষজনক

K.P.A.

৬. অভ্যোগ:

প্রাপ্তি	নিষ্পন্ন	পেডিং	মন্তব্য
-	-	-	-

৭. আর্থিক বিষয়:

হিসাবরক্ষণ পদ্ধতি	রেজিস্টার সংরক্ষণ
ম্যানুয়েল ও iBAS++ পদ্ধতি অনুসরণ করা হচ্ছে	সন্তোষজনক

৮. সেবা সহজীকরণে গৃহিত কার্যক্রম: গ্রাহক সেবার স্বার্থে আনুষ্ঠানিক দাপ্তরিক রেকর্ডপত্রের সংখ্যা কমানো হয়েছে।

৯. শুদ্ধাচার চর্চার লক্ষ্যে গৃহিত কার্যক্রম: ইন হাউজ ট্রেনিং এর মাধ্যমে কর্মচারীদের শুদ্ধাচার ও নৈতিকতার উপর প্রশিক্ষণ দেওয়া হচ্ছে।

১০. দুর্নীতি প্রতিরোধ কার্যক্রম: সভা/ সেমিনার, পোস্টার, লিফলেটের মাধ্যমে গ্রাহক ও কর্মচারীদের সচেতন করা হচ্ছে।

১১. প্রকল্প সংক্রান্ত:

সংখ্যা	অগ্রগতি	মন্তব্য
-	-	-

১২. পরিদর্শন সংক্রান্ত:

রেজিস্টার	সর্বশেষ পরিদর্শন
	১৭-০৯-২০১৯ খ্রিঃ তারিখ ডেপুটি পোস্টমাস্টার জেনারেল(সঞ্চয়),পিএমজি অফিস, খুলনা অত্র অফিস ভেরিফিকেশন করেছেন।

১৩. বাস্তব সমস্যা সমূহ: ক) কর্মচারী স্বল্পতার কারণে গ্রাহক সেবা আরও গতিশীল করা সম্ভব হচ্ছে না।

খ) সকল সেবা প্রদানের সিস্টেম ডিজিটাইজড করা প্রয়োজন।

৫/৮

অফিস পরিদর্শন চেকলিস্ট

(পরিদর্শনকারী কর্তৃক পূরণীয়)

১৪. জনগণের সাথে অফিস কর্মচারীদের ব্যবহার:

পরিদর্শনকালে ৩০-৩৫ জন সেবাগ্রহীতা উপস্থিত ছিলেন। সেবাগ্রহীতাদের সাথে সেবাদাতাদের আচরণ সন্তোষজনক। নিকট অতীতে কোন প্রকার অসন্তোষের ঘটনা ঘটেছে বলে জানা যায়নি।

১৫. অফিস সম্পর্কে জনমত:

পরিদর্শনকালে ৩০-৩৫ জন সেবাগ্রহীতা উপস্থিত ছিলেন। সেবাগ্রহীতাদের ১০-১২ জনের সাথে সেবার মান নিয়ে আলোচনা হলো। সকলেই সেবার মান মোটামুটি ভাল বলেছেন এবং সন্তোষ প্রকাশ করেছেন। তবে কখনও কখনও অনেক বেশি সেবাগ্রহীতার উপস্থিতি ঘটে এবং সে ক্ষেত্রে তাদের অপেক্ষার সময় বৃদ্ধি পায়। কোন কোন সময় সেবাদানকারীর আত্মীয়স্বজন বা পরিচিতজনকে নিয়ম ভেঙে সেবা প্রদানের ঘটনা ঘটে বলে কয়েকজন মন্তব্য করেন।

১৬. তাৎক্ষণিক পরামর্শ/সুপারিশ/নির্দেশনা:

সেবাগ্রহীতার সেবাগ্রহণ প্রক্রিয়াকে আরও স্বচ্ছ ও সময়োপযোগী করার জন্য সেবাগ্রহীতার আগমনের সময় স্লিপ প্রদান ও পদতু স্লিপের নম্বর অনুযায়ী সেবা প্রদানের ব্যবস্থা গ্রহণের পরামর্শ প্রদান করা হয়।


রেজিস্টার্ড চিঠির হিসাব সংরক্ষণে ত্রুটি পাওয়ায় তা যথাযথ সংরক্ষণের তাৎক্ষণিক নির্দেশনা প্রদান করা হয়।

১৭. সার্বিক পরিদর্শন মন্তব্য:

ডাক ভবনের আউটলুক খুবই বেমানান। নতুন ভবন নির্মাণ জরুরি।

অফিস কর্মচারীদের আচার-ব্যবহার ভাল।

অফিস সম্পর্কে জনমত সন্তোষজনক।


৩০/০২/২০
মুহাম্মদ আবদুল হান্নান
বৃগ্ম সচিব (কোম্পানি)
ডাক ও টেলিযোগাযোগ বিভাগ
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যস্বত্ব মন্ত্রণালয়
রাষ্ট্রপরিদেপ সচিবালয়, ঢাকা।

অফিস পরিদর্শন চেকলিস্ট

(সংশ্লিষ্ট অফিস প্রধান কর্তৃক পূরণীয়)

১. অফিসের নাম ও ঠিকানা: মুখ্য মহাব্যবস্থাপক, ঢাকা টেলিযোগাযোগ অঞ্চল (দক্ষিণ)-এর কার্যালয়, রমনা, ঢাকা-১০০০।
২. পরিদর্শনের তারিখ: ২৮-০৮-২০১৯ খিঃ
৩. অফিস প্রধান: খোন্দকার যুবায়ের হাসান, মুখ্য মহাব্যবস্থাপক, ঢাকা টেলিযোগাযোগ অঞ্চল (দঃ), রমনা, ঢাকা।
৪. জনবল:

সাংগঠনিক কাঠামোতে পদনাম	সংখ্যা	কর্মরত	শূণ্য
মুখ্য মহাব্যবস্থাপক	১	১	০
মহাব্যবস্থাপক	২	২	০
উপ- মহাব্যবস্থাপক	৯	৯	০
ব্যবস্থাপক/সহ: ব্যবস্থাপক	২০	১৯	১
জুনিয়র সহ: ব্যবস্থাপক	৩৬	৩৬	০
জেষ্ঠ কারিগরি সহকারী/ জেষ্ঠ কম্পিউটার অপারেটর/ একাউন্ট্যান্ট/ কেশিয়ার/ জয়েন্টার/ লাইনম্যান	১১৫	৯৬	১৯
জুনিয়র লাইনম্যান/ কারিগরি সহকারী/ ব্যাটারিয়ান/ওয়ারম্যান/ ইলেকট্রিশিয়ান/ ক্রিনার/ সুইপার/ প্রাধার/ গার্ড/ হিসাব সহকারী/ ওয়ার্ক এসিস্ট্যান্ট / জুনিয়র ওয়ার্ক এসিস্ট্যান্ট/ ড্রাইভার/ ম্যাসেঞ্জার	২১৬	২০৭	৯

৫. সেবা- তালিকা ও সেবা গ্রহিতার সংখ্যা:

সেবার নাম	গ্রহিতার সংখ্যা	মন্তব্য
ল্যান্ডফোন সেবা	৮৭৬৩৬ (জুলাই'১৯)	
এডিএসএল/জিপিএন ইন্টারনেট সেবা	৮৫২ (জুলাই'১৯)	

৬. অভিযোগ:

প্রাপ্তি	নিষ্পন্ন	পেন্ডিং	মন্তব্য
৬৫৭১১ (জুলাই'১৮-জুন'১৯)	৬১৭৬৮ (জুলাই'১৮-জুন'১৯)	গ্রাহকের কোন অভিযোগ পেন্ডিং নাই	*অভিযোগের ধরন- সুইচরুম ত্রুটি, সেকেন্ডারী/প্রাইমারী ক্যাবল ত্রুটি, সেট ত্রুটি *অভিযোগ নিষ্পত্তির হার-৯৪%

৭. আর্থিক বিষয়:

হিসাব রক্ষণ পদ্ধতি	রেজিস্টার সংরক্ষণ
ম্যানুয়াল	ক্যাশবুক / চেকবুক / বিল পে/ অডিট রেজিস্টার
কম্পিউটার একাউন্টস সিস্টেম	কেন্দ্রীয় কার্যালয়ের সার্ভারে ডাটা সংরক্ষিত থাকে

৮. সেবা সহজিকরণে গৃহীত কার্যক্রম:

- মোবাইল ফোনের সাহায্যে অভিযোগ গ্রহণের জন্য বিটিসিএল ওমান পয়েন্ট সার্ভিস চালুকরণ।
- অনলাইন বিল পেমেন্ট সিস্টেম চালুকরণ (বিকাশ/রকেট ইত্যাদির মাধ্যমে টেলিফোন বিল পে করা যায়)।
- গ্রাহকসেবা কেন্দ্র চালুকরণ।

৯. শুদ্ধাচার চর্চার লক্ষ্যে গৃহীত কার্যক্রম:

- শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০১৯-২০ প্রণয়ন ও বিটিসিএল'র ওয়েবসাইটে আপলোড করার জন্য কেন্দ্রীয় কার্যালয়ে প্রেরণ।
